# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 13, 1432 Bangla, March 27, 2026, Friday, No. 83, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has expressed his determination to further strengthen the armed forces. (Jago News: 14)

Tarique Rahman has announced that his government plans to introduce "Notun Kuri Sports" to help create new athletes, similar to the previous 'Notun Kuri' program. (Jago News: 15)

According to the sources in the Ministry of Finance, the size of the budget for the next fiscal year may be Tk 883,000 crore, which is Tk 93,000 crore more than the current 2025-26 fiscal year. (Jago News: 13)

In January 2026, Bangladesh's Ready-made garment exports to the EU plummeted by 25.25%, falling to €1.43 billion. (DW: 09)

Even on public holidays, long lines of people are seen at petrol pumps in the capital Dhaka to buy fuel. (Jago News: 13)

Bangladesh Petroleum Corporation has taken steps to purchase one hundred thousand tons of octane from the spot market subsequently diesel. (Jago News: 15)

Iran has said ships from 5 countries, including Bangladesh, will be allowed to pass through the Strait of Hormuz amid the ongoing war with Israel and US in the Middle East. (DW: 11)

Bangladeshis holding travel, Umrah, transit and final exit visas are now able to leave Saudi Arabia without penalty even if their visas have expired. (DW: 11)

Home Minister Salahuddin Ahmed has said a formal request has been sent to India to bring back the accused in the murder case of Inqilab Manch convener Sharif Osman Hadi. (BBC: 03)

At least 5 people have been killed in a road accident in Burichang Upazila of Comilla on the Dhaka-Chittagong Highway. (BBC: 07)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## চৈত্র ১৩, বাংলা ১৪৩২, মার্চ ২৭, ২০২৬, শুক্রবার, নং- ৮৩, ৫৬তম বছর

# শিরোনাম

সশস্ত্র বাহিনীকে আরও শক্তিশালী করার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১৪)

নতুন কুঁড়ি আসরের মত এবার খেলাধুলায় 'নতুন কুঁড়ি স্পোর্টস' চালুর ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১৫)

অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, আগামী অর্থবছরের বাজেটের আকার হতে পারে ৮ লাখ ৮৩ হাজার কোটি টাকা, যা চলতি ২০২৫-২৬ অর্থবছরের তুলনায় ৯৩ হাজার কোটি টাকা বেশি। (জাগো নিউজ: ১৩)

ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোয় তৈরি পোশাক রপ্তানি গত জানুয়ারিতে প্রায় ২৫ শতাংশ কমেছে। (ডয়েচে ভেলে: ০৯)

সরকারি ছুটির দিনেও রাজধানীর পাম্পগুলোতে দেখা যাচ্ছে তেল কিনতে আসা মানুষের দীর্ঘ সারি। (জাগো নিউজ: ১৩)

ডিজেলের পর এবার স্পট মার্কেট থেকে এক লাখ টন অকটেন কেনার পদক্ষেপ নিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। (জাগো নিউজ: ১৫)

মধ্যপ্রাচ্যে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধের মধ্যেই হরমুজ প্রণালী দিয়ে বাংলাদেশসহ পাঁচটি দেশের জাহাজ চলাচল করতে পারবে বলে জানিয়েছে ইরান। (ডয়েচে ভেলে: ১১)

ভিসার মেয়াদ শেষ হলেও জরিমানা ছাড়াই সৌদি আরব ছাড়ার সুযোগ পাচ্ছেন ভ্রমণ, ওমরাহ, ট্রানজিট ও ফাইনাল এক্সিট ভিসাধারী বাংলাদেশিরা। (ডয়েচে ভেলে: ১১)

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদি হত্যা মামলার আসামিদের ফিরিয়ে আনতে ভারতের কাছে অনুরোধ করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (বিবিসি: ০৩)

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার বুড়িচং উপজেলায় সড়ক দুর্ঘটনায় পাঁচজন নিহত হয়েছেন। (বিবিসি: ০৩)

# বিবিসি

## স্বাধীনতা দিবসে রাষ্ট্রপতির সাথে দেখা করতে গিয়েছিলেন প্রধানমন্ত্রী

স্বাধীনতা দিবসে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সাথে দেখা করতে গিয়েছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা ১০ মিনিটে বঙ্গভবনে আসেন প্রধানমন্ত্রী। সঙ্গে ছিলেন তারেক রহমানের কণ্যা জাইমা রহমান। রাষ্ট্রপতির সঙ্গে উপস্থিত ছিলেন তার সহধর্মিনী রেবেকা সুলতানা। গত ১৭ ফেব্রুয়ারি জাতীয় সংসদ ভবনের দক্ষিন প্লাজায় প্রধানমন্ত্রী হিসেবে রাষ্ট্রপতির কাছে শপথ নেন মি. রহমান। তবে শপথগ্রহণের পর বঙ্গভবনে রাষ্ট্রপতির সাথে প্রধানমন্ত্রীর এটি প্রথম সৌজন্য সাক্ষাৎ। (বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশে উদ্‌যাপিত হচ্ছে স্বাধীনতা দিবস

বাংলাদেশে রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতাসহ বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত হচ্ছে। ভোরে সাভারে জাতীয় স্মৃতিসৌধে বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহতদের প্রতি ফুলেল শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকেও শ্রদ্ধা জানানো হয়। এছাড়া, দীর্ঘদিন পর স্বাধীনতা দিবসে সশস্ত্র বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস জানাচ্ছে, "দেড় যুগ পর স্বাধীনতা দিবসে অনুষ্ঠিত হলো সশস্ত্র বাহিনীর বর্ণাঢ্য কুচকাওয়াজ ও দেশের সামরিক সক্ষমতা প্রদর্শনী।"(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## হাদি হত্যা মামলার আসামিদের ফিরিয়ে আনতে ভারতের কাছে অনুরোধ করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যা মামলার আসামিদের ফিরিয়ে আনতে ভারতের কাছে অনুরোধ করা হয়েছে। এজন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কূটনৈতিক চ্যানেলে ভারতের কাছে আনুষ্ঠানিক অনুরোধ পাঠানো হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বৃহস্পতিবার ২৬ মার্চ, স্বাধীনতা দিবস উপলক্ষ্যে ঢাকার রাজারবাগ পুলিশ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী জানান, ভারতের সাথে বন্দি বিনিময় চুক্তি অনুযায়ী আসামিদের বাংলাদেশে হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## কর্নেল ওসমানী যেভাবে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি হয়ে উঠেছিলেন

রাজনৈতিক সমঝোতার চেষ্টা ব্যর্থ হওয়ার পর ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে ঢাকায় নির্বিচারে গণহত্যা চালায় পাকিস্তানি সেনাবাহিনী। 'অপারেশন সার্চলাইট' নামের ওই সামরিক অভিযানের খবর ছড়িয়ে পড়লে বাঙালিরা ক্ষোভে ফেটে পড়ে। শুরু হয় মুক্তিযুদ্ধ। এই যুদ্ধের শুরুর দিকে ঢাকা, চট্টগ্রামসহ বিভিন্ন এলাকায় বাঙালি সেনারা বিচ্ছিন্নভাবে প্রতিরোধ ও পাল্টা আক্রমণ চালাতে থাকেন। পরে এপ্রিলের শুরুর দিকে তারা সংগঠিত হতে শুরু করেন, ধীরে ধীরে গড়ে ওঠে মুক্তিবাহিনী। সেই বাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব পান সেনাবাহিনীর সাবেক একজন কর্নেল, যার নাম মহম্মদ আতাউল গনি ওসমানী। সৈন্যদের কাছে 'পাপা টাইগার' নামে পরিচিত কর্নেল ওসমানী মুক্তিযুদ্ধ শুরু হওয়ার তিন বছর আগেই পাকিস্তান সেনাবাহিনী থেকে অবসর নিয়েছিলেন। এরপর যুক্ত হয়েছিলেন রাজনীতিতে। সেখান থেকে কীভাবে কর্নেল ওসমানী আবারও সামরিক উর্দির জীবনে ফিরে যান এবং মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি হয়ে ওঠেন, এই প্রতিবেদনে সেটাই তুলে ধরা হয়েছে।

### সৈনিক জীবন : ব্রিটিশ ভারত থেকে পাকিস্তান

মি. ওসমানী ১৯১৮ সালে সুনামগঞ্জের একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিন ভাই-বোনের মধ্যে এমএজি ওসমানী ছিলেন সবার ছোট। তার বাবা খান বাহাদুর মফিজুর রহমান তৎকালীন ইংরেজ সরকারের একজন উচ্চপদস্থ কর্মকর্তা ছিলেন বলে জানা যায়। বাবার বদলির চাকরির সুবাদে মি. ওসমানীর শৈশব কেটেছে আসাম ও সিলেটের বিভিন্ন জায়গায়। সেখানেই স্কুল-কলেজ শেষ করার পর তিনি ভর্তি হন ভারতের উত্তর প্রদেশের স্বনামধন্য আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে। সেখান থেকে ১৯৩৮ সালে স্নাতক ডিগ্রি লাভ করেন মি. ওসমানী। বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া'র তথ্যমতে, স্নাতক পাশ করার পর একইসঙ্গে সরকারি চাকরির দুটি পরীক্ষায় অংশ নেন এমএজি ওসমানী। এর মধ্যে একটি ছিল ভারতীয় সিভিল সার্ভিসের, অন্যটি সেনা বাহিনীর। উভয় পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরির সুযোগ পেলেও মি. ওসমানী শেষমেষ কমিশন্ড অফিসার হিসেবে যোগ দেন ব্রিটিশ ভারতের সামরিক বাহিনীতে। বাংলাপিডিয়া'র তথ্যমতে, চাকরিতে যোগ দেওয়ার বছর দু'য়েকের মধ্যে তিনি মেজর পদে উন্নীত হয়ে ব্রিটিশ সেনাবাহিনীর ব্যাটালিয়ন কমান্ডার নিযুক্ত হন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ডামাডোল ভারতীয় উপমহাদেশে ছড়িয়ে পড়লে মি. ওসমানীর নেতৃত্বাধীন ব্যাটেলিয়নকে তৎকালীন বার্মায় যুদ্ধে পাঠানো হয়।

যুদ্ধ শেষে ১৯৪৭ সালে এমএজি ওসমানীকে লেফটেন্যান্ট কর্নেল হিসেবে পদোন্নতি দেওয়ার জন্য সুপারিশ করে তৎকালীন ব্রিটিশ ভারতের সেনাবাহিনী। ভারত ভাগ হওয়ার পর লেফটেন্যান্ট কর্নেল হিসেবেই পাকিস্তান সেনাবাহিনীতে যোগ দেন মি. ওসমানী। ১৯৫৫ সাল পর্যন্ত তিনি তৎকালীন পূর্ব-পাকিস্তান রাইফেলসের অতিরিক্ত কম্যান্ডান্ট, সেনাবাহিনীর জেনারেল স্টাফ অফিসারসহ সামরিক বাহিনীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ১৯৫৬ সালে পদোন্নতি পেয়ে কর্নেল হন মি. ওসমানী। পরবর্তী দশ বছর তিনি পাকিস্তান আর্মি হেড কোয়ার্টারে

জেনারেল স্টাফ এবং মিলিটারি অপারেশনসের ডেপুটি ডিরেক্টর পদে দায়িত্ব পালন করেন। ১৯৬৭ সালে কর্নেল পদ মর্যাদাতেই পাকিস্তান সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন এমএজি ওসমানী। "কর্নেল পদে অবসরগ্রহণ করলেও ওসমানীর সেটার চেয়েও উঁচু পদের যোগ্য ছিলেন। ব্রিটিশ আর্মি থেকে তার সঙ্গে অবাঙালি যারা পাকিস্তান আর্মিতে যোগ দিয়েছিলেন, তাদের প্রায় সবাই উঁচু পদ পেয়ে অবসরে গেছে, এমনকি সেনাপ্রধানও হয়েছেন," বিবিসি বাংলাকে বলছিলেন লেখক ও গবেষক মফিদুল হক। "কিন্তু বাঙালিদের পাকিস্তান আর্মিতে সেভাবে পদোন্নতি দেওয়া হতো না, যাতে তারা উঁচু পদে যেতে না পারে। কর্নেল ওসমানীও ছিলেন সেই অন্যায়ের একজন ভিকটিম," বলেন মি. হক।

**রাজনীতিতে যোগদান**

পাকিস্তান সেনাবাহিনী থেকে অবসর নেওয়ার পর এমএজি ওসমানী আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত হন। দলটিতে যোগ দিয়ে ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে তিনি আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে ভোট করেন। সে সময় সিলেটের ফেঞ্চুগঞ্জ-বালাগঞ্জ-বিশ্বনাথ এলাকা থেকে নির্বাচন করে তৎকালীন পাকিস্তান জাতীয় পরিষদ সদস্য নির্বাচিত হন। সত্তরের ডিসেম্বরে অনুষ্ঠিত ওই নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে আওয়ামী লীগ। কিন্তু তারপরও দলটিকে সরকার গঠন করতে দেয়নি পাকিস্তানের তৎকালীন সামরিক সরকার। উল্টো, ১৯৭১ সালের ১ মার্চ জাতীয় পরিষদ অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেন দেশটির তখনকার প্রেসিডেন্ট ইয়াহিয়া খান।

**ঢাকায় সেনা সমাবেশ**

জাতীয় পরিষদ অধিবেশন স্থগিতের প্রতিবাদে অসহযোগ আন্দোলনের ডাক দেন শেখ মুজিবুর রহমান। তৎকালীন পূর্ব পাকিস্তানে শিক্ষাপ্রতিষ্ঠান, অফিস, আদালত, ব্যাংকসহ সরকারি সকল প্রতিষ্ঠান বর্জন এবং কর প্রদান বন্ধ রাখার আহ্বান জানান তিনি। ৭ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে বিশাল লাখো মানুষের সমাবেশে ভাষণ দেন শেখ মুজিব। সেখানে তিনি আবারও পূর্ব পাকিস্তানের সব কোর্ট-কাছারি, আদালত-ফৌজদারি, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার নির্দেশনা দেন। শেখ মুজিবের এই ভাষণের পর অসহযোগ আন্দোলনে নতুন মাত্রা যুক্ত হয়। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ওই আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করতে থাকেন। এরই ধারাবাহিকতায় ২২ মার্চ ঢাকার বায়তুল মোকাররম মসজিদের সামনে অবসরপ্রাপ্ত বাঙালি সেনাদের একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। সেটি আয়োজনে এমএজি ওসমানী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। সমাবেশে সেনা, নৌ ও বিমানবাহিনীর সাবেক সদস্য ও কর্মকর্তারা অংশ নিয়ে অসহযোগ আন্দোলনের সঙ্গে সংহতি প্রকাশ করেন। প্রয়োজনে দেশের জন্য তারা অস্ত্র হাতে যুদ্ধ করবেন বলেও তখনকার পত্র-পত্রিকার খবরে উল্লেখ করা হয়েছে। সভা শেষে সাবেক সেনারা কুচকাওয়াজ করতে করতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার কেন্দ্রীয় শহিদ মিনারে গিয়ে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। তারপর স্বাধীনতা যুদ্ধে যোগদানের জন্য সবাই একসঙ্গে শপথবাক্য পাঠ করেন। শপথ শেষে ওসমানীসহ অবসরপ্রাপ্ত কয়েকজন জ্যেষ্ঠ সেনা কর্মকর্তা ধানমন্ডি ৩২ নম্বরে শেখ মুজিবুর রহমানের সঙ্গে দেখা করেন। আনুগত্যের প্রতীক হিসেবে তখন শেখ মুজিবকে একটি তরবারি উপহার দেওয়া হয়েছিল বলে পত্র-পত্রিকার খবরে উল্লেখ করা হয়েছে।

**গোপন বৈঠক**

অসহযোগ আন্দোলন চলাকালে মি. ওসমানী পাকিস্তান সামরিক বাহিনীর বাঙালি কর্মকর্তাদেরকে সংগঠিত করার জন্য গোপনে যোগাযোগ শুরু করেন। বিষয়টি সম্পর্কে জানার পর পাকিস্তানি সেনা কর্মকর্তারা উদ্‌বিগ্ন হয়ে ওঠেন। যুদ্ধের প্রস্তুতি হিসেবে মি. ওসমানী বাঙালিদের সেনাদের সংগঠিত করে আলাদা বাহিনী গঠন করতে পারেন বলে আশঙ্কা ছিল তাদের। তৎকালীন পূর্ব পাকিস্তানের গভর্নর ডা. এ এম মালিকের সামরিক উপদেষ্টা মেজর জেনারেল রাও ফরমান আলীর আত্মজীবনীমূলক গ্রন্থের একটি বর্ণনায় বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে। একাত্তরের ২৫ মার্চের আগের পরিস্থিতি নিয়ে মি. আলী তার 'হাউ পাকিস্তান গট ডিভাইডেড' গ্রন্থে লিখেছেন, "তখন সামরিক বাহিনীর পূর্ব পাকিস্তানি সদস্যদের আনুগত্য নিয়ে সন্দেহ তৈরি হওয়ায় খুব উদ্‌বেগজনক পরিস্থিতি তৈরি হয়।" "কর্নেল ওসমানীর নেতৃত্বে বর্তমান ও সাবেক (বাঙালি) সেনা কর্মকর্তারা ঘন ঘন বৈঠক করতে শুরু করেন। তাদের উদ্দেশ্য, সাংবিধানিকভাবে সমস্যার সমাধান না হলে আওয়ামী লীগের পক্ষে যুদ্ধ করার জন্য সামরিক বাহিনী গঠনের প্রস্তুতি নেওয়া," বইটিতে উল্লেখ করেছেন মি. আলী।

**তেলিয়াপাড়া রণকৌশল**

২৫ মার্চের গণহত্যার ঘটনায় বাঙালি সেনা, ইপিআর, পুলিশ সদস্যসহ অনেকেই ক্ষুব্ধ হয়ে প্রতিরোধ গড়ে তোলেন। ঢাকা, চট্টগ্রামসহ বিভিন্ন জায়গায় শুরু হয় খণ্ড খণ্ড যুদ্ধ। বিচ্ছিন্নভাবে শুরু হওয়া এই প্রতিরোধযুদ্ধকে সংগঠিত করে একক নেতৃত্বের আওতায় আনার উদ্দেশ্যে ১৯৭১ সালের ৪ এপ্রিল হবিগঞ্জের তেলিয়াপাড়া চা বাগানের একটি বাংলো বাড়িতে গোপন বৈঠকে মিলিত হন। ওই বৈঠকে মুক্তিযুদ্ধের বিষয়ে গুরত্বপূর্ণ কিছু কৌশল গ্রহণ করা হয়, যা 'তেলিয়াপাড়া রণকৌশল' নামে পরে পরিচিতি পায়। অবসরপ্রাপ্ত কর্নেল এমএজি ওসমানীর নেতৃত্বে বৈঠকটিতে সেনাবাহিনীর তৎকালীন মেজর জিয়াউর রহমান, মেজর কেএম সফিউল্লাহ, মেজর খালেদ মোশাররফ, লেফটেন্যান্ট কর্নেল এমএ রব-সহ দুই ডজনেরও বেশি কর্মকর্তারা অংশ নেন। সর্ব সম্মতিক্রমে তারা সিদ্ধান্ত নেন, মি. ওসমানীই মুক্তিযুদ্ধে প্রধান সেনাপতি হিসেবে নেতৃত্ব দেবেন। একইসঙ্গে, বাংলাদেশকে চারটি সামরিক অঞ্চল বা সেক্টরে ভাগ করে সশস্ত্র যুদ্ধ চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন সেনা কর্মকর্তারা। পরবর্তীতে সংখ্যা বাড়িয়ে গোটা দেশকে ১১টি সেক্টরে

ভাগ করা হয়। এছাড়া, যত দ্রুত সম্ভব স্বাধীন বাংলাদেশের সরকার গঠন করে মুক্তিযুদ্ধের স্বীকৃতি আদায় করা এবং ভারতের কাছ থেকে অস্ত্র-গোলাবারুদ সহ প্রয়োজনীয় সহায়তা নেওয়ার বিষয়েও বৈঠকে প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেওয়া হয় বলে স্বাধীনতাযুদ্ধের দলিলপত্র থেকে জানা যায়।

**আনুষ্ঠানিক ঘোষণা**

তেলিয়াপাড়া বৈঠকের সপ্তাহখানেকের মাথায় ১০ এপ্রিল বাংলাদেশের প্রবাসী সরকার তথা মুজিবনগর সরকার গঠিত হয়। শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি, সৈয়দ নজরুল ইসলামকে উপ-রাষ্ট্রপতি এবং তাজউদ্দিন আহমদকে প্রধানমন্ত্রী করে গঠিত এই সরকার ১৭ এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথতলায় শপথ গ্রহণ করে। অস্থায়ী ওই সরকার কর্নেল এমএজি ওসমানীকে বাংলাদেশের সশস্ত্রবাহিনী ও মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি নিযুক্ত করে আনুষ্ঠানিক ঘোষণা দেয়। "ওই পদের জন্য কর্নেল ওসমানীই তখন সবচেয়ে উপযুক্ত ব্যক্তি ছিলেন," বিবিসি বাংলাকে বলছিলেন ইতিহাসবিদ অধ্যাপক মুনতাসির মামুন। বিষয়টি ব্যাখ্যা করতে গিয়ে অধ্যাপক মামুন বলেন, "প্রথমত, অসহযোগ আন্দোলনের সময় থেকেই উনি বাঙালি সেনাদেরকে সংগঠিত করছিলেন। দ্বিতীয়ত, তৎকালীন বাঙালি সেনা কর্মকর্তাদের মধ্যে তিনি ছিলেন সবচেয়ে সিনিয়র। উনার ব্রিটিশ ও পাকিস্তান আর্মিতে কাজ করার অভিজ্ঞ রয়েছে, তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশ নিয়েছিলেন।" "এছাড়া বাংলাদেশের মতো ভারত ও পাকিস্তানের সরকারের কাছেও তিনি ছিলেন পরিচিত মুখ এবং তার আলাদা একটা গ্রহণযোগ্যতা ছিল। সবমিলিয়ে তাকে ওই পদ বসানোর সিদ্ধান্ত হয়," বলেন অধ্যাপক মামুন। "সামরিক অভিজ্ঞতা ও পরিচিতির ব্যাপারটা তো ছিলই, তারচেয়ে বড়ো কথা তিনি মানুষের ভোটে নির্বাচিত একজন জনপ্রতিনিধি ছিলেন। এমন একজন ব্যক্তি যেহেতু মুক্তিযুদ্ধের প্রস্তুতিপর্বের কাজের সঙ্গে যুক্ত ছিলেন, সেকারণে যুদ্ধ শুরুর পর স্বাভাবিকভাবেই উনার নাম সামনে চলে আসে," বিবিসি বাংলাকে বলেন মি. হক। সেনাপতির দায়িত্ব নিয়ে মুক্তিবাহিনীকে নিয়মিত ও অনিয়মিত- এই দুটি ভাগে ভাগ করেন মি. ওসমানী। এর মধ্যে নিয়মিত বাহিনীতে মূলত অন্তর্ভুক্ত ছিলেন তৎকালীন ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ও ইস্ট পাকিস্তান রাইফেলসের বাঙালি সেনারা। তারা সশস্ত্রবাহিনীর প্রথাগত নিয়ম মেনে যুদ্ধে নিয়োজিত ছিলেন। অন্যদিকে, বেসামরিক পেশাজীবী তথা কৃষক, শ্রমিক, চাকরিজীবী, ছাত্র ও রাজনৈতিক কর্মী ইত্যাদি ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে গড়ে তোলা হয় অনিয়মিত বাহিনী, যা গণবাহিনী নামে পরিচিত ছিল। গণবাহিনীর সদস্যদের বাংলাদেশের অভ্যন্তরে শত্রুর বিরুদ্ধে গেরিলা যুদ্ধ পরিচালনার জন্য পাঠানো হয়। এভাবে দীর্ঘ রক্তক্ষয়ী লড়াইয়ের মধ্যদিয়ে স্বাধীনতা অর্জনের পর এমএজি ওসমানী সশস্ত্রবাহিনীর জেনারেল পদে উন্নীত হন। (বিবিসি ওয়েব পেজ : ২৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## পদ্মা নদীতে ডুবে যাওয়া বাস থেকে ২৩ জনের মরদেহ উদ্ধার, অভিযান চলছে

রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাটে দুর্ঘটনা কবলিত বাসটি থেকে এখন পর্যন্ত ২৩ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এই দুর্ঘটনায় এখনও একজন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। দুর্ঘটনাস্থলে চারটি ইউনিট উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে বলেও জানানো হয়েছে। ফায়ার সার্ভিস নিয়ন্ত্রণ কক্ষ জানিয়েছে, নিহতদের মধ্যে ১৩ জন নারী, পাঁচজন শিশু এবং পাঁচজন পুরুষ। ছয় ঘণ্টারও বেশি সময় পর রাত সাড়ে বারোটার দিকে বাসটিকে পদ্মা নদী থেকে টেনে পানির উপরে আনে উদ্ধারকারী জাহাজ হামজা। এদিকে, দুর্ঘটনা কবলিত বাস থেকে উদ্ধার হওয়া ব্যক্তিদের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়েছে বলে জানিয়েছে রাজবাড়ী জেলা প্রশাসন। ২২ জনের মরদেহ নিহতদের স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান রাজবাড়ি জেলা প্রশাসক সুলতানা আক্তার। "একজনের মরদেহ এখনও হাসপাতালে রয়েছে। দিনাজপুর থেকে তার স্বজনেরা রওয়ানা দিয়েছেন, তারা এলেই মরদেহ বুঝিয়ে দেওয়া হবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। এই দুর্ঘটনায় আর কেউ নিখোঁজ রয়েছেন কিনা- এমন প্রশ্নের জবাবে মিজ আক্তার বলেন, "এখনও নিখোঁজ রয়েছেন এমন দাবি কারো স্বজন বা কেউ আমাদের কাছে করেননি। তবে উদ্ধার অভিযান অব্যাহত থাকবে।" তিনি জানান, উদ্ধারকারী ডুবুরি দল ভোর পর্যন্ত অভিযান চালিয়েছেন। বৃহস্পতিবার সকালে আবারও উদ্ধার অভিযান শুরু করা হচ্ছে বলেও জানান তিনি। এই ঘটনায় পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলেও জানিয়েছেন জেলা প্রশাসক।

**চলছে উদ্ধার অভিযান**

বৃহস্পতিবার সকালেও উদ্ধার অভিযান অব্যাহত রাখা হয়েছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিস নিয়ন্ত্রণ কক্ষ জানিয়েছে, চারটি ইউনিট এখনও দুর্ঘটনা কবলিত এলাকা ও এর আশপাশে তল্লাশি চালাচ্ছে। এদিকে বৃহস্পতিবার সকালেও দৌলতদিয়া ঘাটের দুর্ঘটনা কবলিত এলাকায় উৎসুক মানুষের ভিড় দেখা গেছে। ফায়ার সার্ভিস জানিয়েছে, রাতে বাসটি থেকে নারী ও শিশুসহ ২১ জনের মরদেহ উদ্ধার করা হয়। এছাড়া, দুই নারীর মরদেহ উদ্ধার করেন সাধারণ মানুষ। স্থানীয় গণমাধ্যমকর্মী মিঠুন গোস্বামী বিবিসি বাংলাকে জানিয়েছেন, ভোরের দিকে কিছুক্ষণের জন্য অভিযান বন্ধ ছিল। এরপর আবারও অভিযান শুরু করে উদ্ধারকারীরা। "মর্মান্তিক এই দুর্ঘটনার উদ্ধার অভিযান দেখতে সারা রাতই দৌলতদিয়া ঘাটে নিহতদের স্বজনদের পাশাপাশি বিপুল সংখ্যক উৎসুক জনতা ভিড় করেন, এখনও অনেক মানুষ এখানে রয়েছেন," জানান তিনি। মি. গোস্বামী জানান, রাত দশটার পর থেকেই একে একে মরদেহ তুলে আনা হয়। বাসটি উদ্ধার করার পর ১৪টি মরদেহ সেখান থেকে বের করে আনেন উদ্ধারকারীরা। রাত সাড়ে ১১টার দিকে বাসটিকে নদীর ৬০ ফুট নিচে থেকে টেনে পানির ওপরে আনা সম্ভব হয় বলে জানান ফায়ার

সার্ভিসের ফরিদপুর স্টেশনের সহকারী পরিচালক মো. বেলাল উদ্দিন। শুরুতে রাজবাড়ী ও গোয়ালন্দ ফায়ার সার্ভিস স্টেশন এবং আরিচা স্টেশনের ডুবুরি ইউনিট উদ্ধার কাজ শুরু করে। পরে ঢাকা ও ফরিদপুর থেকে আরো দুটি ডুবুরি ইউনিট যোগ দেয় বলেও জানান তিনি।

**কী ঘটেছিল?**

বুধবার বিকেল সোয়া পাঁচটার দিকে রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাটে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায় সৌহার্দ্য পরিবহণ নামে একটি যাত্রীবাহি বাস। দৌলতদিয়া ফেরিঘাটে দায়িত্বপ্রাপ্ত পরিবহণের ঘাট তত্ত্বাবধায়ক মো. মনির হোসেন বিবিসি বাংলাকে জানান, ডুবে যাওয়া বাসটি নারী-শিশুসহ প্রায় ৫০ জন যাত্রী নিয়ে কুমারখালী থেকে ঢাকার উদ্দেশ্যে যাচ্ছিল। দৌলতদিয়ার তিন নম্বর ঘাটে ফেরির জন্য অপেক্ষা করার সময় এই দুর্ঘটনা ঘটে বলেও জানান তিনি। মি. হোসেন জানান, "সোয়া পাঁচটার দিকে 'হাসনা হেনা' নামের একটি ইউটিলিটি (ছোটো) ফেরি এসে জোরে পন্টুনে আঘাত করে। এ সময় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি পদ্মা নদীতে পড়ে যায়।" সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এই ঘটনার একাধিক ভিডিওতে দেখা যায়, পানিতে পড়ার পর মুহূর্তেই তলিয়ে যায় দুর্ঘটনা কবলিত বাসটি। এসময় বেশ কয়েকজনকে সাঁতরে নদীর পাড়ে আসার চেষ্টা করতেও দেখা যায়। বুধবার সন্ধ্যায় ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ইন্সপেক্টর মো. আনোয়ারুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, ৫টা ২০ মিনিটে বাসটি ডুবে যাওয়ার খবর ফায়ার সার্ভিসের কাছে আসে। এর ছয় মিনিটের মাথায় গোয়ালন্দ থেকে একটি ডুবুরি দল ঘটনাস্থলে পৌঁছায়। এরপর আরিচা থেকেও একটি উদ্ধারকারী দল সেখানে যোগ দেয় বলে জানান তিনি। রাজবাড়ি ও দৌলতদিয়ার পাশাপাশি ফরিদপুর ও ঢাকা থেকেও উদ্ধারকারী দল এই উদ্ধারকাজে যোগ দেন। বুধবার রাত পৌনে ১০টার দিকে ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ডিউটি অফিসার রাকিবুল হাসান বিবিসি বাংলাকে বলেন, ফরিদপুর ও আরিচা থেকে ফায়ার সার্ভিসের দুটো ডুবুরি ইউনিট উদ্ধারকাজ চালাচ্ছে এবং ঢাকার সিদ্দিকবাজার থেকে আরও দুটো ডুবুরি ইউনিট দৌলতদিয়া ফেরিঘাটের দিকে যাচ্ছে। দৌলতদিয়া ঘাটে কর্মরত একাধিক গণমাধ্যমকর্মী বিবিসি বাংলাকে জানিয়েছেন, উদ্ধারকাজ শুরুর প্রায় পাঁচ ঘণ্টা পর বাসটি প্রথম পানির ওপর দৃশ্যমান হয়। এরপর বাসটিকে টেনে উপরে নিয়ে আসে উদ্ধারকারী জাহাজ হামজা। স্থানীয় গণমাধ্যমকর্মী মিঠুন গোস্বামী বিবিসি বাংলাকে বলেন, শুরুর দিকে বৃষ্টিসহ বিরূপ আবহাওয়ার কারণে উদ্ধারকাজ ব্যাহত হয়েছিল।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## 'কীভাবে যে বের হইছি, উপরওয়ালা জানে' বাসডুবির বেঁচে যাওয়া যাত্রী

"বাস পানিতে পড়ার পর জানালা ধরে বের হওয়ার চেষ্টা করছিলাম। বাসের ভেতরে নিচের দিক থেকে পানি ঢুকে যে স্রোত তৈরি হইছে, তার সাথেই আমি ভেসে যাই। কীভাবে যে বের হইছি, উপরওয়ালা জানে।" এভাবেই বিবিসি বাংলাকে বলছিলেন রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাটে পদ্মা নদীতে ডুবে যাওয়া বাস থেকে বেঁচে যাওয়া যাত্রীদের একজন মোহাম্মদ রাজীব সরদার। গোয়ালন্দের জামলতা এলাকা থেকে দুর্ঘটনাকবলিত বাসটিতে উঠেছিলেন তিনি। বসেছিলেন বাসের একেবারে পেছনের দিকের একটি আসনে। দুর্ঘটনা কবলিত বাসটির সব আসনেই যাত্রী ছিল বলে জানান মি. সরদার। দৌলতদিয়া ফেরি ঘাটের জিরো পয়েন্ট, অর্থাৎ যেখানে যানবাহনগুলো ফেরির জন্য অপেক্ষা করে, সেখান থেকেও দুইজন যাত্রী ওই বাসে উঠেছিলেন। তিনি জানান, ফেরিতে উঠতে গিয়ে শেষ মুহূর্তে জায়গা না পাওয়ায় পন্টুনের সামনেই পরবর্তী ফেরির জন্য অপেক্ষা করছিল কুমারখালি থেকে ঢাকাগামী বাসটি। জানালা দিয়ে পরের ফেরিটি ঘাটেও ভিড়তে দেখেছিলেন তিনি। "কিন্তু কী যে হলো, কিছুই বুঝি নাই। বাসটা হঠাৎ টান দিয়ে গিয়ে নদীতে পড়লো, আমার গায়ের ওপর আরো কয়েকজন, আমি অনেক চেষ্টা করেও সরাতে পারছিলাম না," বলেন মি. সরদার। মর্মান্তিক এই দুর্ঘটনায় বৃহস্পতিবার দুপুর পর্যন্ত নারী, শিশুসহ ২৬ জনের মৃত্যুর খবর নিশ্চিত করেছে রাজবাড়ি জেলা প্রশাসন। নিহতদের পরিচয় শনাক্ত করে, মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হচ্ছে বলেও জানিয়েছেন জেলা প্রশাসক সুলতানা আক্তার। এই দুর্ঘটনায় নিহতদের বেশিরভাগেরই বাড়ি কুষ্টিয়ার কুমারখালী এবং রাজবাড়ী জেলার বিভিন্ন এলাকায় বলে জানা গেছে। আকস্মিক এই দুর্ঘটনায় শোকের আবহ নিহতদের পরিবারগুলোতে। বৃহস্পতিবার সকালেই নিহত অনেকের মরদেহ তাদের পরিবারের কাছে হস্তান্তর করেছে জেলা প্রশাসন।

**স্বজনদের আহাজারি**

ফেরিঘাটে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মার পানিতে ডুবে যাওয়া বাসটিতে থাকা যাত্রীদের বেশিরভাগই ঈদের ছুটি শেষে ঢাকায় ফিরছিলেন। হঠাৎ এই দুর্ঘটনায় তাদের পরিবারে চলছে শোকের মাতম। বৃহস্পতিবার সকালে প্রিয়জনের মরদেহ নিতে এসে রাজবাড়ি সদর হাসপাতালের জরুরি বিভাগের সামনেই আহাজারি করছিলেন সাভারের পোশাক শ্রমিক আব্দুল আজিজ। তিনিও দুর্ঘটনা কবলিত বাসটি থেকে বেঁচে ফেরা যাত্রীদের একজন। নিজে বেঁচে ফিরলেও সঙ্গে থাকা তিন স্বজনকে হারিয়েছেন তিনি। মি. আজিজ বলছিলেন, ঈদের ছুটি শেষে গর্ভবতী স্ত্রী নাজমিরা বেগম, ছয় বছরের শিশু আব্দুর রহমান ও খালা শাশুড়ি নাসিমা বেগমকে নিয়ে ঢাকায় ফিরছিলেন তিনি। পরিবারের সদস্যদের নিয়ে বাসে উঠেছিলেন রাজবাড়ির কালুখালি থেকে। দৌলতদিয়া ফেরিঘাটে ডুবে যাওয়া বাসটি থেকে নিজে কোনো রকমে বেরিয়ে আসতে পারলেও, নিখোঁজ হন পরিবারের অন্য সদস্যরা। এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে রাজবাড়ির কালুখালি কালিকাপুর এলাকার বাসিন্দা মোহাম্মদ উজ্জ্বলের। পরিবারের সঙ্গে ঈদ উদ্যাপন শেষে ঢাকায় ফিরছিলেন এই ব্যবসায়ী।

বৃহস্পতিবার সকালেও দৌলতদিয়া ফেরিঘাটের দুর্ঘটনাস্থলে তাকে খুঁজছিলেন মি. উজ্জ্বলের বাবা। পরে জানতে পারেন রাজবাড়ি সদর হাসপাতালে রয়েছে তার মরদেহ। সকাল থেকেই রাজবাড়ি সদর হাসপাতালজুড়ে ছিল শোকের আবহ। মর্মান্তিক এই দুর্ঘটনায় বৃহস্পতিবার দুপুর পর্যন্ত উদ্ধার হওয়া ২৬ মরদেহের ২২টিকে তাদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। বাকিগুলোর পরিচয় শনাক্ত করে পরিবারের কাছে বুঝিয়ে দেওয়ার প্রস্তুতি নিচ্ছে জেলা প্রশাসন।

এদিকে, বৃহস্পতিবার সকালেও দৌলতদিয়া ফেরিঘাটে উদ্ধার অভিযান অব্যাহত রেখেছেন ফায়ার সার্ভিস, কোস্টগার্ডসহ উদ্ধারকর্মীরা। রাজবাড়ির জেলা প্রশাসক সুলতানা আক্তার বিবিসি বাংলাকে জানিয়েছেন, এখন পর্যন্ত ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার সকালেও তিনজনের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানান তিনি। সবশেষ উদ্ধার হওয়া তিনটি মরদেহের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে বলে জানান মিজ আক্তার। তাদেরকেও পরিবারের কাছে হস্তান্তর করা হবে বলে জানান তিনি। "নিহত একজনের স্বজনেরা দিনাজপুর থেকে রওয়ানা দিয়েছেন, তারা এলেই মরদেহ বুঝিয়ে দেওয়া হবে," বিবিসি বাংলাকে জানান রাজবাড়ি জেলা প্রশাসক সুলতানা আক্তার। এই দুর্ঘটনায় আর কেউ নিখোঁজ রয়েছেন কিনা- এমন প্রশ্নের জবাবে মিজ আক্তার বলেন, "নিখোঁজ রয়েছেন এমন দাবি কারও স্বজন বা কেউ আমাদের কাছে করেননি। তবে উদ্ধার অভিযান অব্যাহত থাকবে।" বুধবার বিকেলে দৌলতদিয়া ফেরিঘাটে দুর্ঘটনাকবলিত সৌহার্দ্য পরিবহণের যাত্রীবাহী বাসটিকে ছয় ঘণ্টারও বেশি সময় পর উদ্ধার করা হয়। স্থানীয় গণমাধ্যম কর্মী মিঠুন গোস্বামী জানান, উদ্ধার অভিযানের পর থেকেই একে একে মরদেহ তুলে আনা হচ্ছিল। সবশেষ বাসটি উদ্ধার করার পর ১৪টি মরদেহ বের করে আনা হয়। বুধবার বিকেল সোয়া পাঁচটার দিকে রাজবাড়ির গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাটে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায় সৌহার্দ্য পরিবহণ নামে একটি যাত্রীবাহী বাস। সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এই ঘটনার একাধিক ভিডিওতে দেখা যায়, পানিতে পড়ার পর মুহূর্তেই তলিয়ে যায় দুর্ঘটনা কবলিত বাসটি। এসময় বেশ কয়েকজনকে সাঁতরে পাড়ে আসার চেষ্টা করতেও দেখা যায়।

এদিকে, বৃহস্পতিবার সকালেও দৌলতদিয়া ঘাটের দুর্ঘটনা কবলিত এলাকায় উৎসুক মানুষকে ভিড় করতে দেখা গেছে। সকালে ফায়ার সার্ভিস জানিয়েছে, ঝড় এবং বৃষ্টির কারণে উদ্ধার তৎপরতায় সমস্যা হয়েছিল। প্রাথমিকভাবে জানা গেছে, নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি পানিতে পড়েছে। 'কেউ নিখোঁজ রয়েছেন'- এমন দাবি থাকা পর্যন্ত উদ্ধার অভিযান অব্যাহত রাখা হবে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের কর্মকর্তারা।

(বিবিসি ওয়েব পেজ : ২৬.০৩.২০২৬ আলী আহমেদ)

## ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে বাসচাপায় পাঁচজন নিহত

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে বাসচাপায় পাঁচজন নিহত হয়েছেন। তারা সবাই একই পরিবারের সদস্য বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। বৃহস্পতিবার সন্ধ্যায় কুমিল্লার বুড়িচংয়ে এই ঘটনা ঘটে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বুড়িচং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. লুৎফুর রহমান। মি. রহমান জানান, নোয়াখালীর সোনাইমুড়ি থেকে একটি প্রাইভেটকারে করে ঢাকা যাচ্ছিলেন দুর্ঘটনার শিকার ব্যক্তিরা। পথে একটি রেস্তোঁরায় খাবার খেয়ে রাস্তা পার হওয়ার সময় একটি বাস তাদের চাপা দেয়। স্টার লাইন পরিবহণের বাসটি ঢাকা থেকে চট্টগ্রাম যাচ্ছিল। বুড়িচং থানার ওসি জানান, প্রাইভেটকারটিতে চালকসহ ছয়জন ছিলেন। তাদের মধ্যে দুইজন নারী ও দুইটি শিশু ছিল। তাদের মধ্যে পাঁচজনই বাসের চাপায় মারা যান। ১৩ বছর বয়সি একটি শিশু আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বাসটিকে আটক করা হলেও, চালককে পাওয়া যায়নি বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় মহাসড়কে যান চলাচল কিছুক্ষণ বিঘ্নিত হয়। বর্তমানে যান চলাচল স্বাভাবিক রয়েছে বলে জানা গেছে।(বিবিসি ওয়েব পেজঃ ২৬.০৩.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্রের সাথে আলোচনার খবর স্বীকার করতে 'ইরান ভয় পাচ্ছে' : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের নেতারা আমেরিকার সাথে যে শান্তি-আলোচনা চলছে, তা স্বীকার করতে ভয় পাচ্ছেন। ওয়াশিংটন ডিসিতে ন্যাশনাল রিপাবলিকান কংগ্রেশনাল কমিটির এক অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে ট্রাম্প দাবি করেছেন, এই সপ্তাহজুড়ে তেহরান নানাভাবে অস্বীকার করলেও, আসলে ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করছে। তার দাবি, "ইরান এটি প্রকাশ্যে বলতে ভয় পাচ্ছে। কারণ তারা মনে করে, এতে তারা তাদের নিজের দেশের লোকের হাতেই নিহত হতে পারে। তারা যুক্তরাষ্ট্রের হাতে নিহত হওয়ার ভয়ও পাচ্ছে।" কংগ্রেশনাল কমিটির অনুষ্ঠানে ডোনাল্ড ট্রাম্প রিপাবলিকানদের বলেছেন, ইরানের নেতারা যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি করতে চাইলেও, তা প্রকাশ্যে বলতে ভয় পাচ্ছেন। তার ভাষায়, "ইরান খুবই মরিয়া হয়ে একটি চুক্তি করতে চায়।" এসময় তিনি মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতকে "যুদ্ধ" না বলে "সামরিক অভিযান" হিসেবে উল্লেখ করেন।

(বিবিসি ওয়েব পেজঃ ২৬.০৩.২০২৬ এলিনা)

## ইরানের সাথে আমরা চুক্তি করতে চাই কি না, সে বিষয়ে নিশ্চিত নই : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে চুক্তি করতে যুক্তরাষ্ট্র আদৌ আগ্রহী কি না, সে বিষয়ে তিনি নিশ্চিত নন। ইরান নিয়ে বক্তব্য দিতে গিয়ে তিনি দাবি করেন, ইরানিরা ভালো যোদ্ধা নয়, তবে তারা খুব দক্ষ আলোচক। ট্রাম্প আরও বলেন, "চুক্তির জন্য ইরানই অনুরোধ করছে, আমি না।" গত শনিবার হরমুজ প্রণালি খোলার জন্য ৪৮ ঘণ্টা সময় দেন ডোনাল্ড ট্রাম্প। এরপর গত সোমবার দুই দেশের আলোচনার কথা দাবি করেন ট্রাম্প এবং পাঁচদিনের জন্য ইরানের জ্বালানি স্থাপনায় হামলা স্থগিত করার ঘোষণা দেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## সমন্বয় করে হরমুজ প্রণালি দিয়ে চলতে পারবে দক্ষিণ কোরিয়ার জাহাজ : ইরান

দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত সাঈদ কোযেচি জানিয়েছেন, "ইরানের সাথে আগে থেকে সমন্বয় করলে" দক্ষিণ কোরিয়ার জাহাজগুলো হরমুজ প্রণালি দিয়ে চলাচল করতে পারবে। এ জন্য সোলকে তাদের জাহাজগুলোর তথ্য ইরানকে দিতে বলা হয়েছে বলেও জানান তিনি। ইসরায়েল-যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের সংঘাত শুরুর পর হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের ওপর ইরান কড়াকড়ি আরোপ করেছে। কিন্তু এ প্রতিকূল পরিস্থিতিতেও চীন, ভারত ও জাপানের কিছু জাহাজ এই জলপথ ব্যবহার করতে পেরেছে বলেও তিনি উল্লেখ করেছেন।

(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি দিয়ে চলাচলের অনুমতি পেয়েছে মালয়েশিয়ার জাহাজ

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম জানিয়েছেন, ইরানি কর্মকর্তাদের সঙ্গে আলোচনার পর মালয়েশিয়ার জাহাজগুলোকে হরমুজ প্রণালি দিয়ে চলাচলের অনুমতি দেওয়া হয়েছে। তিনি বলেন, ইরান ছাড়াও মিশর, তুরস্কসহ এ অঞ্চলের বিভিন্ন দেশের সঙ্গে এ নিয়ে তিনি আলোচনা করেছেন। এখন পর্যন্ত মালয়েশিয়া সর্বশেষ দেশ হিসেবে তাদের জাহাজ চলাচলের অনুমতির কথা জানাল। এর আগে, দক্ষিণ কোরিয়া, ভারত, চীন ও জাপানের কিছু জাহাজও এই জলপথ ব্যবহার করতে পেরেছে। (বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## পাঁচ শর্তে যুদ্ধ বন্ধ করতে রাজি ইরান

ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন প্রেস টিভি দেশটির একজন জ্যেষ্ঠ রাজনৈতিক ও নিরাপত্তা কর্মকর্তাকে উদ্ধৃত করে জানিয়েছে, চলমান যুদ্ধ শেষ করতে যুক্তরাষ্ট্রের একটি প্রস্তাব প্রত্যাখ্যান করেছে তেহরান। তিনি বলেছেন, ইরানের পক্ষ থেকে পাঁচটি শর্ত দেওয়া হয়েছে, যুক্তরাষ্ট্র সেগুলো মেনে নিলে তেহরান যুদ্ধ শেষ করতে প্রস্তুত আছে।

(১) শত্রুপক্ষের সব ধরনের আগ্রাসন ও হত্যাকাণ্ড সম্পূর্ণ বন্ধ করতে হবে।

(২) ভবিষ্যতে ইরানের ওপর এ ধরনের যুদ্ধ যাতে চাপিয়ে দেওয়া না হয়, সেজন্য কার্যকর ও স্পষ্ট নিশ্চয়তা দিতে হবে।

(৩) যুদ্ধে ইরানে যে ক্ষয়ক্ষতি হয়েছে, সে জন্য সুনির্দিষ্ট ক্ষতিপূরণ দিতে হবে।

(৪) রো অঞ্চলের সকল স্থানে, সংশ্লিষ্ট সকল গোষ্ঠীর মধ্যে যুদ্ধ শেষ করতে হবে।

(৫) হরমুজ প্রণালির ওপর ইরানের সার্বভৌম নিয়ন্ত্রণের অধিকারকে আন্তর্জাতিকভাবে স্বীকৃতি দিতে হবে এবং তা নিশ্চিত করতে হবে।

ইরানের কর্মকর্তারা গত কয়েকদিন ধরে বলে আসছেন যে, তারা কোনো যুদ্ধবিরতি নয়, তারা যুদ্ধের পূর্ণ সমাপ্তি চায়। তবে, ওই কর্মকর্তার ভাষ্য অনুযায়ী, "ইরান তখনই যুদ্ধ শেষ করবে, যখন তারা নিজেরা সিদ্ধান্ত নেবে এবং তাদের নির্ধারিত শর্তগুলো পূরণ হবে।"(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## দেরি হয়ে যাওয়ার আগেই ইরানকে আলোচনার টেবিলে আসার আহ্বান ট্রাম্পের

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ইরানকে দ্রুত আলোচনায় বসার আহ্বান জানিয়েছেন এবং ইরানের আলোচকদের "অদ্ভুত" বলে মন্তব্য করেছেন। ট্রাম্পের দাবি, ইরানের সামরিক শক্তি ধ্বংস হয়ে গেছে এবং সেটি পুনরুদ্ধারের কোনো সুযোগ নেই। সেজন্য ইরান যুক্তরাষ্ট্রের কাছে চুক্তির জন্য "মিনতি" করছে। "যদিও প্রকাশ্যে এখনো ইরান বলছে যে, তারা শুধু যুক্তরাষ্ট্রের প্রস্তাব বিবেচনা করছে এবং তাদের তরফ থেকে এটা একটা ভুল।" তিনি আরও বলেন, "যত দ্রুত সম্ভব, এ বিষয়ে 'সিরিয়াস' হওয়া ভালো। কারণ একবার সময় শেষ হয়ে গেলে সেখান থেকে আর ফিরে আসার সুযোগ থাকবে না এবং তার পরিণতিও ভালো হবে না।" অন্যদিকে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, তেহরান ও ওয়াশিংটনের মধ্যে মিত্র দেশগুলোর মাধ্যমে যোগাযোগ হচ্ছে। "তাই, এটিকে সরাসরি (যুক্তরাষ্ট্রের সাথে) আলোচনা বলা যায় না।"

(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## ইরান ইস্যুতে ন্যাটো কোনো সহায়তা করেনি : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যমে পোস্ট করে ন্যাটো জোটভুক্ত দেশগুলোর সমালোচনা করেছেন। তিনি বলেছেন, ইরান নিয়ে চলমান সংঘাতে ন্যাটো জোটভুক্ত দেশগুলো "কোনো সাহায্যই করেনি" এবং এই বিষয়ে যুক্তরাষ্ট্রের ন্যাটোর কোনো সাহায্য প্রয়োজনও নেই বলে তিনি মন্তব্য করেছেন। তবে, তিনি এও উল্লেখ করেন, "কিন্তু এটি যেন ভুলে না যাওয়া হয় যে, এটি সময়ের খুব গুরুত্বপূর্ণ অধ্যায়।"

(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধের আগে ইরানকে গোয়েন্দা তথ্য দিয়েছে রাশিয়া : যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী

যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী জন হিলি অভিযোগ করেছেন, মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর আগে রাশিয়া ইরানকে গোয়েন্দা তথ্য ও প্রশিক্ষণ দিয়েছে। বিবিসি ব্রেকফাস্টে দেওয়া সাক্ষাৎকারে মি. হিলি বলেন, রাশিয়া ও ইরানের মধ্যে একটি 'অ্যাক্সিস অব অ্যাগ্রেসন' বা 'আগ্রাসনের অক্ষ' গড়ে উঠেছে। তার মতে, ইরানের মাথায় রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির

"পুতিনের অদৃশ্য হাত" রয়েছে। "পুতিন পৃথিবীর অন্য সবখানে (ইউক্রেনে) যা যা করছে, তা থেকে আমাদের দৃষ্টি সরিয়ে দিতে চায়। কিন্তু আমরা সেটি আর হতে দেবো না।" তিনি বলেছেন, এই যুদ্ধে ব্রিটেন 'যুক্তরাজ্যের স্বার্থ, সামরিক স্থাপনা এবং মিত্রদের রক্ষার চেষ্টা করছিল' এবং সেজন্য তার দেশের বিমান বাহিনী ওই অঞ্চলে এক হাজার ঘণ্টার বেশি সময় আকাশে টহল দিয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ এলিনা)

## এনএইচকে

### টোকিওতে চীনা দূতাবাস চত্বরে অনুপ্রবেশ গ্রেফতার ব্যক্তি 'রাষ্ট্রদূতের সঙ্গে কথা বলতে চেয়েছিলেন'

তদন্তকারী সূত্রসমূহের ভাষ্যমতে, টোকিওতে চীনা দূতাবাস চত্বরে অনুপ্রবেশের অভিযোগে গ্রেফতার হওয়া এক ব্যক্তি বলেছেন যে, তিনি রাষ্ট্রদূতের সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। জাপান স্থল আত্মরক্ষা বাহিনী বা জিএসডিএফ-এর ওই কর্মকর্তা জাপান সম্পর্কে কঠোর মন্তব্যের ক্ষেত্রে সংযম প্রদর্শনের আহ্বানও জানাতে চেয়েছিলেন বলে জানা গেছে। টোকিও পুলিশ মঙ্গলবার মিনাতো ওয়ার্ডে অবস্থিত দূতাবাস চত্বরে অবৈধভাবে প্রবেশের সন্দেহে জিএসডিএফ-এর সেকেন্ড লেফটেন্যান্ট ২৩ বছর বয়সি মুরাতা কোদাইকে গ্রেফতার করে এবং বৃহস্পতিবার তাকে কৌঁসুলিদের কাছে হস্তান্তর করে। সূত্রগুলো জানিয়েছে, মুরাতা অভিযোগগুলো স্বীকার করেছেন এবং পুলিশকে বলেছেন যে, রাষ্ট্রদূত তার মতামত না মানলে তিনি আত্মহত্যা করার পরিকল্পনা করেছিলেন। সন্দেহভাজন এই ব্যক্তির উদ্ধৃতি দিয়ে পুলিশ জানায় যে, তিনি সোমবার দক্ষিণ জাপানের মিইয়াযাকি জেলার একটি জিএসডিএফ ক্যাম্প থেকে টোকিওর উদ্দেশ্যে রওয়ানা হন এবং একটি ইন্টারনেট ক্যাফেতে রাত কাটান। জানা গেছে, তিনি পুলিশকে বলেছেন যে, তিনি টোকিওর একটি ডিসকাউন্ট স্টোর থেকে একটি ধারালো বস্তু কিনেছিলেন। দূতাবাসের কর্মীরা যখন মুরাতাকে দেখতে পান, তখন তার কাছে কোনো অস্ত্র ছিল না। তবে, সূত্রগুলো জানিয়েছে, পরে ওই চত্বরের ঝোপঝাড় থেকে ১৮ সেন্টিমিটার ফলকের একটি রান্নাঘরের ছুরি পাওয়া গেছে। জাতীয় পুলিশ সংস্থা সারাদেশের পুলিশ বিভাগগুলোকে বিদেশি কূটনৈতিক মিশন ও সংশ্লিষ্ট স্থাপনার নিরাপত্তা দ্রুত পর্যালোচনা করার এবং ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়নের নির্দেশ দিয়েছে। দূতাবাস চত্বরের চারপাশে নিরাপত্তা নিশ্চিত করতে দাঙ্গা পুলিশ ২৪ ঘণ্টা কর্মরত থাকা সত্ত্বেও সন্দেহভাজন এই ব্যক্তি পাশের একটি ভবন থেকে কাঁটাতারের বেড়া টপকে ভেতরে প্রবেশ করেছিলেন বলে জানা গেছে।
(এনএইচকে ওয়েবপেইজ: ২৬.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### জানুয়ারিতে ইইউতে বাংলাদেশের পোশাক রপ্তানি কমেছে ২৫ শতাংশ

ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোয় তৈরি পোশাক রপ্তানি গত জানুয়ারিতে প্রায় ২৫ শতাংশ কমেছে। বাংলাদেশের পাশাপাশি, এ সময়ে ইইউতে বাংলাদেশের প্রতিযোগী দেশগুলোর রপ্তানিও বিভিন্ন হারে কমেছে। ইউরো স্ট্যাটসের পরিসংখ্যান অনুযায়ী, ইইউভুক্ত দেশগুলো চলতি বছরের জানুয়ারিতে বিভিন্ন দেশ থেকে ৭০৩ কোটি ইউরোর তৈরি পোশাক আমদানি করেছে। এই আমদানি গত বছরের একই সময়ের তুলনায় সাড়ে ১৫ শতাংশ কম। যদিও পরিমাণের দিক থেকে তৈরি পোশাক আমদানি কমেছে ৮ দশমিক ৩৬ শতাংশ। জানুয়ারিতে ৩৮ কোটি কেজির সমপরিমাণ তৈরি পোশাক আমদানি করে ইইউভুক্ত দেশগুলো। তার বিপরীতে গত বছরের জানুয়ারিতে আমদানি করেছিল ৪১ কোটি কেজির সমপরিমাণ তৈরি পোশাক। ইইউর দেশগুলোয় তৈরি পোশাক রপ্তানিতে চীন বরাবরের মতো শীর্ষস্থানে রয়েছে। জানুয়ারিতে এই অঞ্চলে ২২২ কোটি ইউরোর তৈরি পোশাক রপ্তানি করে চীন। এ রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ৯০ শতাংশ কম। জানুয়ারিতে চীনের প্রতি কেজি পোশাকের দাম কমেছে ৮ শতাংশ। বাংলাদেশ ইইউর বাজারে দ্বিতীয় শীর্ষ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ। জানুয়ারিতে বাংলাদেশ রপ্তানি করেছে ১৪৩ কোটি ইউরোর তৈরি পোশাক। এ রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ২৫ দশমিক ২৫ শতাংশ কম।
গত বছরের জানুয়ারিতে রপ্তানি হয়েছিল ১৯১ কোটি ইউরোর তৈরি পোশাক। পরিমাণের দিক থেকে চলতি বছরের জানুয়ারিতে বাংলাদেশের রপ্তানি কমেছে সাড়ে ১৭ শতাংশ। সেই হিসাবে জানুয়ারিতে রপ্তানি করা তৈরি পোশাকের দাম কমেছে ৯ দশমিক ৪১ শতাংশ। ইইউতে তৃতীয় সর্বোচ্চ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ তুরস্ক। এই বাজারে জানুয়ারিতে ৬২ কোটি ইউরোর তৈরি পোশাক রপ্তানি করেছে তুরস্ক। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ২৯ শতাংশ কম। অবশ্য দেশটির রপ্তানি করা তৈরি পোশাকের প্রতি কেজির দাম জানুয়ারিতে ৩ দশমিক ৭২ শতাংশ বেড়েছে। ইউরোস্ট্যাস্টের তথ্যানুযায়ী, ইইউতে তৃতীয় ও চতুর্থ শীর্ষ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ যথাক্রমে ভিয়েতনাম ও ভারত। জানুয়ারিতে ভিয়েতনাম রপ্তানি করেছে ৩৬ কোটি ইউরোর তৈরি পোশাক। এই রপ্তানি গত বছরের একই সময়ের তুলনায় ৭ শতাংশ কম। অন্যদিকে, ভারত জানুয়ারিতে ৩৪ কোটি ইউরোর তৈরি পোশাক রপ্তানি করেছে। এই রপ্তানি গত বছরের জানুয়ারির তুলনায় ১৫ শতাংশ কম। চলতি বছরের প্রথম মাসে ভিয়েতনাম ও ভারতের প্রতি কেজি তৈরি পোশাকের দাম যথাক্রমে ৬ দশমিক ৫০ শতাংশ ও ১ দশমিক ৮৩ শতাংশ বেড়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

## ব্রাহ্মণবাড়িয়ায় কন্টেন্ট ক্রিয়েটরকে হত্যার ঘটনায় মামলা, বিএনপি নেতাসহ আসামি ১৫

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় এক কন্টেন্ট ক্রিয়েটরকে বাড়ি থেকে তুলে নিয়ে হত্যার ঘটনায় মামলা হয়েছে। গতকাল বুধবার রাতে নিহত দ্বীন ইসলামের বাবা শফিকুল ইসলাম বাদী হয়ে কসবা থানায় মামলাটি করেন। মামলায় ইউনিয়ন বিএনপির সভাপতি, প্যানেল চেয়ারম্যানসহ ১৫ জনকে আসামি করা হয়েছে বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। বিষয়টি নিশ্চিত করে কসবা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজনীন সুলতানা বলেন, নিহত ব্যক্তির বাবা বাদী হয়ে ১৫ জনকে আসামি করে মামলা করেছেন। তবে তিনি আসামিদের নাম প্রকাশ করেননি। নিহত দ্বীন ইসলাম কসবা উপজেলার মেহারী ইউনিয়নের শিমরাইল গ্রামের বাসিন্দা। তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক ও ইউটিউবে ‘তালাশ ক্রাইম দৃষ্টি’ নামের একটি পেজ পরিচালনা করতেন। মাদক সেবন, মাদকের ব্যবসা, সীমান্তে মাদক পাচারসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড নিয়ে ভিডিও তৈরি করতেন তিনি। জায়গা-জমি নিয়ে আগে থেকেই অভিযুক্ত ব্যক্তিদের সঙ্গে তাদের বিরোধ ছিল। দুই সপ্তাহ আগে নিহত ব্যক্তির মা পারুল বেগম থানায় একটি সাধারণ ডায়েরিও (জিডি) করেছিলেন।

দ্বীন ইসলামের পরিবার সূত্রে জানা গেছে, মামলায় মেহারী ইউনিয়ন বিএনপির সভাপতি আবদুল আওয়াল, আক্তার হোসেন, ওমর ফারুক, মেহারী ইউনিয়ন পরিষদের (ইউপি) প্যানেল চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, জুলহাস মিয়া, বাবুল মিয়া, ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক আবদুল হান্নান, স্থানীয় মো. হারুন মিয়া, মো. জিলানী মিয়া, আলমগীর হোসেন, শহিদ মিয়া, মোসলেম মিয়া, জানু মিয়া, নুরুল হক ও সুমন মিয়াকে আসামি করা হয়েছে। আসামিরা সবাই মেহারী ইউনিয়নের শিমরাইল গ্রামের বাসিন্দা। ওসি নাজনীন সুলতানা প্রথম আলাকে বলেন, মামলার কপি আদালতে না পাঠানো পর্যন্ত আসামিদের নাম বলা যাবে না। তিনি বলেন, সম্পত্তি নিয়ে ও পারিবারিক বিষয়ে মামলাসহ স্থানীয় ব্যক্তিদের সঙ্গে বিরোধের জেরে দ্বীন ইসলামকে মারধর করে হত্যা করা হয়েছে বলে এজাহারে অভিযোগ করা হয়েছে। গত মঙ্গলবার দুপুরে ২০ থেকে ৩০ জনের একটি দল দ্বীন ইসলামকে নিজ বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে বেধড়ক মারধর করা হয়। গুরুতর আহত অবস্থায় তাকে বুড়ি নদ পার করে কুমিল্লার বাঙ্গরা থানার গাঙ্গেরকুট এলাকায় নদের পাড়ে ফেলে রেখে গেলে স্থানীয় লোকজনের সহায়তায় উদ্ধার করে কসবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। হাসপাতালের চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ময়নাতদন্ত শেষে গতকাল বুধবার রাতে শিমরাইল গ্রামে দ্বীন ইসলামের দাফন সম্পন্ন হয়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

## পদ্মায় বাস, মৃত্যু বেড়ে ২৬

রাজবাড়ির গোয়ালন্দের দৌলতদিয়া ঘাটে পদ্মা নদীতে পড়ে বাসডুবির ঘটনায় বৃহস্পতিবার সকাল ১০টা পর্যন্ত মোট ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এর মধ্যে ২২ জনের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। চালকসহ তিনজনের লাশ রাজবাড়ি সদর হাসপাতালে রাখা হয়েছে। রাজবাড়ি জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. হাফিজুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। এখনো পর্যন্ত যে ২৪ জনের মরদেহ পাওয়া গেছে, তারা হলেন- রাজবাড়ি পৌরসভার লালমিয়া সড়ক ভবানীপুর এলাকার রেহেনা আক্তার, তার ছেলে আহনাফ তাহমিদ খান, কুষ্টিয়া পৌরসভার ১৮ নম্বর ওয়ার্ড মজমপুর গ্রামের মর্জিনা খাতুন, কুষ্টিয়া সদর উপজেলার খাগড়বাড়ীয়া গ্রামের রাজীব বিশ্বাস, রাজবাড়ি পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের সজ্জনকান্দা গ্রামের জহুরা অন্তি, একই মহল্লার কাজী সাইফ, রাজবাড়ির গোয়ালন্দ উপজেলার ছোটভাকলা ইউনিয়নের চর বারকিপাড়া গ্রামের মর্জিনা আক্তার, তার মেয়ে সাফিয়া আক্তার রিন্থি, কুষ্টিয়ার খোকসা উপজেলার ধুশুন্দু গ্রামের দেলোয়ার হোসেনের শিশু সন্তান ইস্রাফিল, রাজবাড়ির কালুখালী উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের ভবানীপুর গ্রামের বিল্লাল হোসেনের সন্তান ফাইজ শাহানূর, রাজবাড়ি পৌরসভার সজ্জনকান্দা মহল্লার কেবিএম মুসাব্বিরের শিশু সন্তান তাজবিদ, রাজবাড়ির বালিয়াকান্দি উপজেলার পশ্চিম খালখোলা গ্রামের গাড়িচালক আরমান খান, রাজবাড়ির কালুখালী উপজেলার মহেন্দপুর ইউনিয়নের বেলগাছি গ্রামের নাজমিরা ওরফে জেসমিন, রাজবাড়ি সদর উপজেলার মিজানপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামের লিমা আক্তার, একই ইউনিয়নের চর বেনিনগর গ্রামের জ্যোৎস্না, গোপালগঞ্জের কোটালীপাড়ার আমতলী ইউনিয়নের নোয়াধা গ্রামের মুক্তা খানম, দিনাজপুরের পার্বতীপুর উপজেলার পলাশবাড়ি ইউনিয়নের মথুয়ারাই গ্রামের নাছিমা, ঢাকার আশুলিয়া উপজেলার বাগধুনিয়া পালপাড়া গ্রামের আয়েশা আক্তার, রাজবাড়ি পৌরসভার সোহেল মোল্লার শিশু সন্তান সোহা আক্তার, কুষ্টিয়ার খোকসা উপজেলার সমসপুর ইউনিয়নের গিয়াস উদ্দিনের শিশু সন্তান আয়েশা সিদ্দিকা, ঝিনাইদহর শৈলকুপা উপজেলার কাচেরকোল ইউনিয়নের খন্দকবাড়িয়া গ্রামের নুরুজ্জামানের শিশু সন্তান আরমান, রাজবাড়ির কালুখালী উপজেলার রতনদিয়া ইউনিয়নের মহেন্দপুর গ্রামের আব্দুল আজিজের শিশু সন্তান আব্দুর রহমান ও রাজবাড়ি সদর উপজেলার দাদশি ইউনিয়নের আগমারাই গ্রামের শরিফুল ইসলামের শিশু সন্তান সাবিত হাসান (আট) এবং উজ্জ্বল নামের এক ফল ব্যবসায়ী। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

## শেখ মামুন খালেদ গ্রেফতার

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের (ডিজিএফআই) সাবেক মহাপরিচালক লেফটেন্যান্ট জেনারেল শেখ মামুন খালেদকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বুধবার গভীর রাতে রাজধানীর একটি এলাকা থেকে তাকে

আটক করা হয় বলে ডিবি ও গোয়েন্দা সংস্থার একটি সূত্র জানিয়েছে। একটি গোয়েন্দা সূত্র জানায়, শেখ মামুন খালেদের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয়ে অনুসন্ধান চলছিল। এর মধ্যে ডিজিএফআইকে রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার অভিযোগ, এক-এগারোর সময় তার বিতর্কিত ভূমিকা এবং জলসিঁড়ি আবাসন-সংক্রান্ত অনিয়মের বিষয়গুলো রয়েছে। এসব অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে বলে জানা গেছে। এর আগে, গত বছরের মে মাসে শেখ মামুন খালেদ ও তার স্ত্রী নিগার সুলতানার বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা জারি করেন আদালত। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত এ আদেশ দেন। ওই সময় দুদক তাদের বিরুদ্ধে আর্থিক অনিয়ম ও সম্পদ-সংক্রান্ত অভিযোগের বিষয়ে অনুসন্ধানের কথা জানিয়েছিল। ডিবির কর্মকর্তারা জানিয়েছেন, শেখ মামুন খালেদকে আটকের পর তার বিরুদ্ধে আনা অভিযোগগুলোর বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করা হচ্ছে। প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

## ভিসার মেয়াদ শেষ হওয়া বাংলাদেশিদের জরিমানা ছাড়াই সৌদি থেকে ফেরার সুযোগ

ভিসার মেয়াদ শেষ হলেও, জরিমানা ছাড়াই সৌদি আরব ছাড়ার সুযোগ পাচ্ছেন বাংলাদেশিরা। ভ্রমণ, ওমরাহ, ট্রানজিট ও ফাইনাল এক্সিট ভিসাধারীদের জন্য বিশেষ এ সুবিধার ঘোষণা দিয়েছে সৌদি সরকার। ১৮ এপ্রিলের মধ্যে এ সুযোগ কাজে লাগিয়ে প্রবাসীরা সৌদি আরব ত্যাগ করতে পারবেন বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে রিয়াদের বাংলাদেশ দূতাবাস। সোমবার এ বিজ্ঞপ্তিতে বলা হয়, সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি নাগরিক, যাদের ভিসার মেয়াদ গত ২৫ ফেব্রুয়ারি শেষ হয়ে গেছে এবং আঞ্চলিক পরিস্থিতির কারণে সময়মতো দেশ ছাড়তে পারেননি, তাদের জন্য সৌদি কর্তৃপক্ষ এ সুযোগ দিয়েছে। এ সুবিধার আওতায় সব ধরনের ভিজিট ভিসা, ওমরাহ ভিসা, ট্রানজিট ও ফাইনাল এক্সিট ভিসাধারীরা অন্তর্ভুক্ত থাকবেন। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, যে-সব ভিসাধারীর ভিসার মেয়াদ ২৫ ফেব্রুয়ারি পার হয়ে গেছে, তারা কোনো প্রকার জরিমানা প্রদান বা ভিসার মেয়াদ বৃদ্ধি ছাড়াই সরাসরি আন্তর্জাতিক বিমানবন্দরে চলে যেতে পারবেন। এ ক্ষেত্রে বিমানের টিকিট নিয়ে সরাসরি এয়ারপোর্টে গেলেই দেশত্যাগ করা সম্ভব হবে এবং এর জন্য আগে থেকে কোনো বাড়তি প্রক্রিয়ার প্রয়োজন হবে না। প্রবাসী বাংলাদেশিদের প্রতি দূতাবাস বিশেষ অনুরোধ জানিয়ে বলেছে, নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ ১৮ এপ্রিলের মধ্যে যেন তারা অবশ্যই সৌদি আরব ত্যাগ করেন। এ সময়ের মধ্যে দেশত্যাগ না করলে পরবর্তীকালে বড়ো ধরনের আইনি জটিলতা ও শাস্তির মুখে পড়তে হতে পারে।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

## হরমুজ দিয়ে চলতে পারবে বাংলাদেশসহ ৫ দেশের জাহাজ

মধ্যপ্রাচ্যে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধের মধ্যেই হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশসহ পাঁচটি দেশের জাহাজ চলাচল করতে পারবে বলে অভয় দিয়েছে ইরান। তেহরান জানিয়েছে, নির্দিষ্ট কিছু ‘বন্ধুরাষ্ট্র’ এবং বিশেষ অনুমোদিত দেশের জন্য এই জলপথ খোলা থাকবে। ইরানের এই বন্ধু তালিকায় বাংলাদেশের পাশাপাশি ভারত, চীন, রাশিয়া ও পাকিস্তানের নাম উল্লেখ করা হয়েছে। বিশ্বের মোট জ্বালানি তেলের এক-পঞ্চমাংশ এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি)-র বড়ো অংশ এই সংকীর্ণ জলপথ হরমুজ দিয়ে পরিবাহন করা হয়। গত মাসে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা শুরুর পর থেকেই এই প্রণালিতে কঠোর নিয়ন্ত্রণ আরোপ করে তেহরান। এতে বিশ্বজুড়ে জ্বালানি-সংকট ও পণ্য সরবরাহব্যবস্থা মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, এই জলপথ পুরোপুরি বন্ধ বলে পশ্চিমা সংবাদমাধ্যম যে দাবি করে আসছে, তা সত্য নয়। তিনি বলেন, “অনেক দেশের শিপিং কোম্পানি আমাদের সঙ্গে যোগাযোগ করে নিরাপদ যাতায়াতের অনুরোধ জানিয়েছে। আমরা যাদের বন্ধুরাষ্ট্র মনে করি বা অন্য কোনো কারণে অনুমতি দিয়েছি, আমাদের সশস্ত্র বাহিনী তাদের জাহাজের নিরাপদ পারাপার নিশ্চিত করছে।” আরাগচি আরো বলেন, “আপনারা খবরে দেখেছেন, চীন, রাশিয়া, পাকিস্তান ও ভারত এ তালিকায় আছে। গত কয়েক রাতে ভারতের দুটি জাহাজ এই পথ দিয়ে পার হয়েছে। এমনকি আমি বিশ্বাস করি, বাংলাদেশও এ তালিকায় আছে। এসব দেশ আমাদের সঙ্গে সমন্বয় করেছে এবং যুদ্ধের পরও এ সহযোগিতা অব্যাহত থাকবে।” ইরানি পররাষ্ট্রমন্ত্রী জানান, যারা এই যুদ্ধে সরাসরি জড়িত বা শত্রুপক্ষ হিসেবে বিবেচিত, তাদের জাহাজ এই পথে চলতে দেওয়া হবে না। বিশেষ করে যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং যুদ্ধের নেপথ্যে ভূমিকা রাখা নির্দিষ্ট কিছু উপসাগরীয় দেশের জাহাজ চলাচলে কঠোর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ২৬.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## জাতীয় স্মৃতিসৌধে বীর শহিদদের প্রতি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সাভারের জাতীয় স্মৃতিসৌধে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার ভোর ৬টায় পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বীর শহিদদের স্মৃতির প্রতি তারা এ শ্রদ্ধা জানান। পুষ্পস্তবক অর্পণের পর মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের স্মৃতির প্রতি সম্মান জানাতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। এসময়

সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীর সমন্বয়ে গঠিত একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে এবং বিউগলে বেজে ওঠে করুণ সুর। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

**প্রথমবার জাতীয় পতাকাবাহী রাষ্ট্রীয় গাড়িতে প্রধানমন্ত্রী তারেক রহমান**

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো জাতীয় পতাকাবাহী রাষ্ট্রীয় গাড়ি ব্যবহার করলেন তারেক রহমান। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বৃহস্পতিবার ভোরে সাভারে জাতীয় স্মৃতিসৌধে যাওয়া-আসার সময় প্রধানমন্ত্রী তারেক রহমানকে বহনকারী গাড়ির স্ট্যান্ডে জাতীয় পতাকা উড়তে দেখা যায়। এছাড়া, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস প্যারেড-২০২৬ অনুষ্ঠানেও জাতীয় পতাকাবাহী গাড়িতে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী। এদিন ভোরে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী জাতির শ্রেষ্ঠ সন্তান বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। পুষ্পস্তবক অর্পণ শেষে তারা শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। বাংলাদেশের সেনা, নৌ ও বিমান বাহিনীর একটি চৌকস দল রাষ্ট্রীয় সালাম প্রদান করে। এসময় বিউগলে করুণ সুর বেজে ওঠে। প্রধান বিচারপতি, মন্ত্রিপরিষদ সদস্য, তিন বাহিনীর প্রধান, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, শহিদ পরিবারের সদস্য, কূটনীতিক এবং রাজনীতিবিদসহ উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। পরে, দলীয় প্রধান হিসেবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির চেয়ারম্যান, প্রধানমন্ত্রী তারেক রহমান দলের সিনিয়র নেতাদের সাথে নিয়ে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এসময় মন্ত্রিপরিষদের পক্ষেও পুষ্পস্তবক অর্পণ করেন প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

**প্রথমবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রীর**

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। দায়িত্ব গ্রহণের পর বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতির সঙ্গে এটি প্রধানমন্ত্রীর প্রথম সাক্ষাৎ। বৃহস্পতিবার (২৬ মার্চ) সন্ধ্যা ৬টা ১০ মিনিটে বঙ্গভবনে আসেন প্রধানমন্ত্রী। এসময় সঙ্গে ছিলেন কন্যা ব্যারিস্টার জাইমা রহমান। রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন তার সহধর্মিণী অধ্যাপিকা রেবেকা সুলতানা। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করছেন। এসময় তিনি রাষ্ট্রপতির সঙ্গে কুশল বিনিময় করেন। ঢাকা জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা দিবসের প্রীতি ফুটবল ম্যাচ উদ্‌বোধন করার পরে কিছুক্ষণ খেলা দেখে বঙ্গভবনে আসেন প্রধানমন্ত্রী। গত ১৭ ফেব্রুয়ারি জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন তারেক রহমান। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তারেক রহমানকে শপথবাক্য পাঠ করান। বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর এটি প্রথম সাক্ষাৎ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

**স্মৃতিসৌধে জনতার ঢল**

স্বাধীনতা দিবস উদ্‌যাপন ও মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে সাভারের জাতীয় স্মৃতিসৌধে জনতার ঢল নেমেছে। বৃহস্পতিবার সকাল থেকেই লাল-সবুজের পতাকা হাতে শিশু থেকে বৃদ্ধ সব বয়সিদের পদচারণায় মুখরিত হয়ে উঠেছে জাতীয় স্মৃতিসৌধ এলাকা। মহান এ দিবসে মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে আসে হাজারো জনতার খণ্ড খণ্ড মিছিল। তাদের দেওয়া নানা ধরনের স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো চত্বর। জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতা দিবস পালন করতে আসা হাজারো মানুষের মধ্যে ছিল বিনম্র শ্রদ্ধার রেশ। ফুল দিয়ে তাই লাখো শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা আর ভালোবাসা জানাতে ভোলেননি তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

**লাল সবুজ পরিবহণের ধাক্কায় মোটরসাইকেলের ২ আরোহী নিহত**

কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কের চকরিয়ার বরইতলি ইউনিয়নের বানিয়ারছড়া এলাকায় যাত্রীবাহী বাসের ধাক্কায় মোটরসাইকেলের দুই আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও একজন। বৃহস্পতিবার ভোরে এ দুর্ঘটনা ঘটে। চিরিংগা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আরিফুল আমিন বিষয়টি নিশ্চিত করেছেন। নিহতরা হলেন, ঢাকার উত্তরখান আটিপাড়া এলাকার শহীদ ভূঁইয়ার ছেলে শরিফুল ইসলাম (৩০) এবং একই এলাকার অলিউল ইসলামের ছেলে রাইসুল ইসলাম শিশির (৩০)। আহতকে চকরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে। স্থানীয়রা জানান, কক্সবাজারগামী লাল সবুজ পরিবহণের একটি বাস দ্রুত ও বেপরোয়া গতিতে চলছিল। বানিয়ারছড়া এলাকায় পৌঁছালে বাসটি একই লেনে থাকা একটি মোটরসাইকেল ও একটি ট্রাককে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল আরোহী দুজনের মৃত্যু হয়, অপরজন গুরুতর আহত হন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

**ফেরিঘাটে বাস দুর্ঘটনা; ২৬ জনের মরদেহ উদ্ধার, এখনো নিখোঁজ ৬**

রাজবাড়ির গোয়ালন্দের দৌলতদিয়া ফেরি-ঘাটের পন্টুন থেকে যাত্রীবাহী বাস পদ্মা নদীতে পড়ে যাওয়ার ঘটনায় এখন পর্যন্ত ২৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। জীবিত উদ্ধার হয়েছেন ৮ জন। এখনো আনুমানিক ৬ জন নিখোঁজ রয়েছেন। তাদের উদ্ধারে কাজ করছেন ফায়ার সার্ভিস ও নৌবাহিনীর ডুবুরি দলের সদস্যরা। বৃহস্পতিবার বেলা ১১টা ৫০ মিনিটে ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের ভারপ্রাপ্ত কর্মকর্তা তালহা বিন জসিম এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

## ছুটির দিনেও পাম্পে যানবাহনের দীর্ঘ লাইন, তেল দিচ্ছে না অনেকে

মধ্যপ্রাচ্যের যুদ্ধের প্রভাব পড়েছে বৈশ্বিক জ্বালানি সরবরাহে। বাংলাদেশেও এর বাইরে নয়। যার সবচেয়ে বড়ো চিত্র ফুটে উঠেছে সারা দেশের তেলের পাম্পগুলোতে। সম্প্রতি পেট্রোল পাম্পগুলোতে দেখা যাচ্ছে, তেল কিনতে আসা মানুষের দীর্ঘ সারি। এমনকি তারা ঘণ্টার পর ঘণ্টা লাইনে অপেক্ষা করেও অনেক সময় তেল পাচ্ছেন না। বৃহস্পতিবার সরকারি ছুটির দিনেও রাজধানীর পাম্পগুলোতে দেখা গেছে এমন চিত্র। সকাল থেকে তেল কিনতে রাজধানীর বিভিন্ন পাম্পের সামনে ভিড় দেখা যায় ক্রেতাদের। সরেজমিনে সকাল সাড়ে ৯টা থেকে রাজধানীর বিজয় সরণির ট্রাস্ট ফুয়েল স্টেশন, আসাদ গেটের তালুকদার ফিলিং স্টেশন ও সোনার বাংলা ফিলিং স্টেশন ঘুরে এমন চিত্র দেখা গেছে। বিজয় সরণির ট্রাস্ট ফুয়েল স্টেশন ঘুরে দেখা গেছে, পাম্পের সামনে দীর্ঘ লাইন। যানবাহন চালকেরা তেল নিতে এসে অপেক্ষা করছেন। তবে তেল দেওয়া বন্ধ রয়েছে। দুপুর ১২টার পর আবারও তেল বিক্রি কার্যক্রম শুরু হবে বলে তাদের জানানো হয়েছে। অপেক্ষারত মোটরসাইকেল চালক মাসুদ বলেন, সকাল ৭টা থেকেই লাইনে আছি। ৮টা পর্যন্ত তেল দিয়েছে, কিন্তু সিরিয়াল আমার পর্যন্ত আসেনি। আবার ১২টার সময় তেল দেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

## বায়তুল মোকাররমে একাত্তরের বীরদের স্মরণ ও দেশের শান্তি-সমৃদ্ধি কামনা

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে শহিদ মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্থতা কামনায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদে কোরআন খতম ও বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টায় হাফেজদের মাধ্যমে কোরআন তেলাওয়াত শুরু হয়ে দুপুর ১টায় শেষ হয়। এরপর বাদ জোহর দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আ. ছালাম খান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মোনাজাত পরিচালনা করেন বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মওলানা মুহাম্মদ মিজানুর রহমান। মোনাজাতে স্বাধীনতার ঘোষক শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত কামনা করা হয়। শহিদ মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্থতা কামনা করা হয়। দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতি কামনা করে মহান আল্লাহর কাছে দোয়া করা হয় বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

## শহিদ পুলিশ সদস্যদের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী ও আইজিপির শ্রদ্ধা

মহান স্বাধীনতা দিবসে উপলক্ষ্যে মুক্তিযুদ্ধে শহিদ পুলিশ সদস্যদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেছেন, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও পুলিশ মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির। বৃহস্পতিবার সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনসে পুলিশ স্মৃতিসৌধে এই শ্রদ্ধা জানান তারা। এদিন সকালের শুরুতেই প্রথমে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী এবং আইজিপি মো. আলী হোসেন ফকির, ঢাকা মেট্রোপলিটন পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার এবং অন্যান্য ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা সেখানে উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

## আসছে ৯ লাখ কোটি টাকার বাজেট, কর্মসংস্থান-মূল্যস্ফীতিতে নজর

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রায় ৯ লাখ কোটি টাকার একটি বড়ো বাজেট প্রস্তুত করতে যাচ্ছে সরকার। নতুন রাজনৈতিক প্রেক্ষাপটে বাজেটে দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান সৃষ্টি, মানবসম্পদ উন্নয়ন ও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হতে পারে। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, আগামী অর্থবছরের বাজেটের আকার হতে পারে ৮ লাখ ৮৩ হাজার কোটি টাকা, যা চলতি ২০২৫-২৬ অর্থবছরের তুলনায় ৯৩ হাজার কোটি টাকা বেশি। সূত্রটি জানায়, বাজেটের এই আকার এখনো চূড়ান্ত নয়। নতুন দায়িত্ব নেওয়া বিএনপি সরকার চাইলে এতে পরিবর্তন আনতে পারে। অর্থ বিভাগের কর্মকর্তারা জানান, বর্তমান কাঠামোর মধ্যেই ত্রিপক্ষীয় বৈঠক চলছে, তবে রাজনৈতিক সিদ্ধান্ত অনুযায়ী বাজেটের কাঠামোতেও সংশোধন আনা হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ আসাদ)

## ৩৭ দিনের ছুটি শেষে শনিবার খুলছে প্রাথমিক বিদ্যালয়

রোজা, ঈদ ও স্বাধীনতা দিবসের টানা ৩৭ দিনের ছুটি শেষে সরকারি প্রাথমিক বিদ্যালয় খুলছে আগামী শনিবার (২৮ মার্চ)। এদিন থেকে সারা দেশের সব বিদ্যালয়ে পুরোদমে ক্লাস শুরু হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, ছুটি শেষে ২৯ মার্চ রোববার থেকে প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস শুরুর কথা ছিল। তবে শিখন ঘাটতি পোষাতে সাপ্তাহিক ছুটি বাতিল করায় শনিবার থেকেই ক্লাস হবে। ফলে একদিন আগেই খুলছে বিদ্যালয়গুলো। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাপঞ্জি অনুযায়ী, এবার রোজার ছুটি শুরু হওয়ার কথা ছিল ৮ মার্চ থেকে। অভিভাবকদের রিটের পরিপ্রেক্ষিতে হাইকোর্টের আদেশ এবং পরবর্তীতে নতুন সরকারের সিদ্ধান্তে ১৯ ফেব্রুয়ারি থেকে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ ঘোষণা করা হয়। এর ফলে ১৭ দিন আগেই ছুটি শুরু হয়ে যায়। সংশোধিত ছুটির তালিকা অনুযায়ী, ১৯ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো ছুটি থাকবে। ২৭ মার্চ শুক্রবার সাপ্তাহিক ছুটি। আর শনিবারের সাপ্তাহিক ছুটি বাতিল হওয়ায় এদিন থেকে শুরু হচ্ছে ক্লাস।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## সশস্ত্র বাহিনীকে আরও শক্তিশালী করতে চাই : প্রধানমন্ত্রী

সশস্ত্র বাহিনীকে আরও শক্তিশালী করার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, "আমি সশস্ত্র বাহিনীর ফ্যামিলির সন্তান। আমাদের দায়িত্ব রয়েছে, যারা দায়িত্বে আছেন তাদের প্রতি। এ সশস্ত্র বাহিনীকে আমরা আরও শক্তিশালী করতে চাই।" বৃহস্পতিবার (২৬ মার্চ) বিকেলে আগারগাঁওয়ের পুরাতন বিমানবন্দরের জাতীয় প্যারেড গ্রাউন্ডে সশস্ত্র বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলাপকালে এমন প্রত্যয় ব্যক্ত করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, "সশস্ত্র বাহিনী যেই কারণে গঠিত হয়েছে, আমরা সেই উদ্দেশ্যই মনে রাখবো। আমরা সবাই যেন দেশের জন্য কাজ করতে পারি, ভালো থাকবেন সবাই।" (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## ২০ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা শুরু শুক্রবার, প্রথমদিনে 'সি' ইউনিট

গুচ্ছভুক্ত ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে শুক্রবার (২৭ মার্চ)। এদিন ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি কমিটি সূত্র জানায়, শুক্রবার বেলা ১১টায় ভর্তি পরীক্ষা শুরু হবে, চলবে দুপুর ১২টা পর্যন্ত। দেশের ২১টি কেন্দ্রে এ পরীক্ষা নেওয়া হবে। এতে অংশ নেবেন ২৫ হাজারেরও বেশি ভর্তিচ্ছু। ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষায় সময় থাকবে এক ঘণ্টা। এবার ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর ৩০। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। সেকেন্ড টাইম আবেদন করা শিক্ষার্থীরাও এ পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাচ্ছেন। গুচ্ছ ভর্তি পরীক্ষা কমিটির সচিব অধ্যাপক ড. মনজুরুল হক বলেন, পরীক্ষা গ্রহণে সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। প্রতিটি কেন্দ্রে আজই প্রশ্নপত্র পাঠিয়ে দেওয়া হয়েছে। পরীক্ষার পর টেকনিক্যাল কমিটি এবং সংশ্লিষ্টরা উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রস্তুত করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## ঈদ শেষে ঢাকায় ফিরছে মানুষ, গাবতলীতে বেড়েছে ব্যস্ততা

প্রিয়জনদের সঙ্গে ঈদের আনন্দ ভাগাভাগি শেষে ঢাকায় ফিরতে শুরু করেছে বিভিন্ন শ্রেণি-পেশার কর্মজীবী। তবে ভিন্ন চিত্রও আছে। অনেকে ঢাকায় ঈদ উদ্‌যাপন শেষে এখন যাচ্ছেন গ্রামের বাড়ি। ফলে গাবতলী এলাকায় বাইরে ও প্রবেশ পথে ব্যস্ততা বেড়েছে, দূরপাল্লার এ বাস পয়েন্টে প্রাণ ফিরেছে পরিবহণ শ্রমিকদের কর্মচঞ্চলতায়। বৃহস্পতিবার (২৬ মার্চ) রাজধানীর গাবতলী বাস টার্মিনাল এলাকা ঘুরে এমন চিত্র দেখা যায়। সরেজমিনে দেখা যায়, গাবতলী বাস টার্মিনালের বিপরীতে একের পর এক দূরপাল্লার গণপরিবহণ এসে দাঁড়াচ্ছে। ঈদে পরিবারের সঙ্গে ছুটি উপভোগ শেষে রাজধানীতে ফিরছেন নগরবাসী। গাড়ি থেকে নামার পর যাত্রীরা বিভিন্ন গন্তব্যের জন্য যানবাহন খুঁজতে ব্যস্ত। কেউ গণপরিবহণে উঠছেন, কেউ সিএনজিচালিত অটোরিকশা বা বাইক রাইডারের সঙ্গে দর কষাকষিতে ব্যস্ত।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## আসনের দ্বিগুণ যাত্রী ছাদে নিয়ে ফিরছে ট্রেন

শেষ হয়েছে ঈদুল ফিতরের ছুটি, আজ শেষ হবে স্বাধীনতা দিবসের ছুটি। মাঝে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি। আগামী রোববার অফিস শুরু হবে। তাই ঢাকায় ফিরতে শুরু করেছে কর্মজীবী মানুষ। দিনাজপুরে বাস ও ট্রেনের টিকিট না পেয়ে তপ্ত রোদে উত্তপ্ত ট্রেনের ছাদে আসনের দ্বিগুণ যাত্রী নিয়ে ঢাকায় ফিরছেন কর্মজীবী মানুষ। অনেক যাত্রী আবার বগির ভিতরে মানুষের চাপে গরম সহ্য করতে না পেরে ট্রেনের ছাদেই স্বাচ্ছন্দ্যবোধ করছেন। পঞ্চগড় থেকে ছেড়ে আসা পঞ্চগড় এক্সপ্রেস ট্রেনটি প্রতিদিন দুপুর ২টা ২০ মিনিটে দিনাজপুর স্টেশনে পৌঁছায়। ১৫ মিনিট বিরতি দিয়ে ২টা ৩৫ মিনিটে দিনাজপুর থেকে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করে। বৃহস্পতিবার (২৬ মার্চ) ছিল উপচে পড়া ভিড়, ট্রেনের সিটের বিপরীতে যাত্রী সংখ্যা দ্বিগুণ হওয়ায় কাঠফাটা রোদেও ট্রেনের ছাদে চড়ে যাত্রা করতে বাধ্য হন যাত্রীরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## সাতক্ষীরায় ডিসির সিলযুক্ত 'ফুয়েল কার্ড' চালুর সিদ্ধান্ত স্থগিত

মোটরসাইকেলে তেল নিতে জেলা প্রশাসকের (ডিসি) সিল ও স্বাক্ষরযুক্ত 'ফুয়েল কার্ড' বাধ্যতামূলক করার সিদ্ধান্ত থেকে সরে এসেছে সাতক্ষীরা জেলা প্রশাসন। ঘোষণার এক দিনের মধ্যেই জনমতের তীব্র প্রতিক্রিয়ার মুখে এ সিদ্ধান্ত স্থগিত করা হয়। বৃহস্পতিবার (২৬ মার্চ) বিকেলে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রিপন বিশ্বাস জানান, জ্বালানি সরবরাহে শৃঙ্খলা আনতেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তবে সাধারণ মানুষের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় ফুয়েল কার্ড চালুর সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে। জেলা তথ্য অফিসার মো. জাহারুল ইসলাম বলেন, জারি করা পাঁচ দফা নির্দেশনার মধ্যে তৃতীয় নির্দেশনাটি স্থগিত করা হয়েছে। পরিস্থিতি বিবেচনায় নিয়ে নির্দেশনাটি আংশিক সংশোধন করা হয়েছে। তবে অন্যান্য নির্দেশনা বহাল রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## জাতীয় দিবস প্যারেডে প্রথমবারের মতো বিজিবির যান্ত্রিক বহর

যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার সঙ্গে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। এবারের স্বাধীনতা দিবস ও দিবসের বিশেষ আকর্ষণ হিসেবে দীর্ঘ ১৮ বছর পর আয়োজিত জাতীয় প্যারেডে প্রথমবারের মতো বিজিবির আধুনিক যান্ত্রিক বহরের অংশগ্রহণ, যা বাহিনীর সক্ষমতার এক অনন্য প্রদর্শনী হিসেবে প্রশংসিত হয়েছে। বৃহস্পতিবার (২৬ মার্চ) সকালে ঢাকার তেজগাঁওয়ের জাতীয় প্যারেড স্কয়ারে মুক্তিযুদ্ধ

বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং সশস্ত্র বাহিনী বিভাগের ব্যবস্থাপনায় অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস প্যারেডে বিজিবির একটি সুসজ্জিত কন্টিনজেন্ট অংশগ্রহণ করে। তারা সম্মিলিত কুচকাওয়াজের মাধ্যমে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিবাদন জানায়। এছাড়াও, প্যারেডে এই প্রথমবারের মতো বিজিবির যান্ত্রিক বহর অংশগ্রহণ করে, যেখানে দেশের ৪ হাজার ৪২৭ কিলোমিটার দীর্ঘ সীমান্ত সুরক্ষা, অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষা এবং যে-কোনো দুর্যোগ ও জরুরি পরিস্থিতি মোকাবিলায় বাহিনীর আধুনিক সক্ষমতা তুলে ধরা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## শনিবার খোলা থাকবে গণপূর্ত মন্ত্রণালয়

আগামী শনিবার (২৮ মার্চ) খোলা থাকবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। বাংলাদেশ সচিবালয়ের চারতলা বিশিষ্ট ৫ নম্বর ভবনে অবস্থিত এ মন্ত্রণালয়ের সব কক্ষে সেদিন নিয়মিত অফিস কার্যক্রম চলবে। মঙ্গলবার (২৫ মার্চ) মন্ত্রণালয়ের প্রশাসন শাখা-৬ থেকে জারি করা এক আদেশে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, নির্ধারিত দিনে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মন্ত্রণালয়ের সকল দপ্তরে অফিসিয়াল কার্যক্রম পরিচালিত হবে। নিরবচ্ছিন্নভাবে দাপ্তরিক কার্যক্রম চালাতে সংশ্লিষ্ট ভবনের সব কক্ষ খোলা রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে। এ লক্ষ্যে দায়িত্বপ্রাপ্তদের আগাম প্রস্তুতি গ্রহণের কথাও বলা হয়েছে আদশে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## কুমিল্লায় বাসের ধাক্কায় একই পরিবারের চারজনসহ নিহত ৫

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার বুড়িচংয়ে বাসের ধাক্কায় আরও একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এ নিয়ে নিহতের সংখ্যা বেড়ে দাঁড়ালো পাঁচজনে। তারা হলেন- প্রাইভেটকারে থাকা দুই সন্তানসহ স্বামী-স্ত্রী এবং চালক। বৃহস্পতিবার (২৬ মার্চ) সন্ধ্যা ৬টার দিকে মহাসড়কের উপজেলার কালাকচুয়া এলাকার মিয়ামি হোটেলের সামনে এ দুর্ঘটনা ঘটে। ময়নামতি হাইওয়ে পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল মোমিন জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## এবার স্পট মার্কেট থেকে এক লাখ টন অকটেন কিনছে বিপিসি

ডিজেলের পর এবার স্পট মার্কেট থেকে এক লাখ টন অকটেন কেনার পদক্ষেপ নিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। গত সোমবার (২৩ মার্চ) রাতে অনুষ্ঠিত ১০২৩তম বোর্ড সভায় এ প্রস্তাব অনুমোদন করে তা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পাঠিয়েছে প্রতিষ্ঠানটি। দুবাইভিত্তিক প্রতিষ্ঠান ডিবিএস ট্রেডিং হাউজ ফেজকো বৈশ্বিক জ্বালানির দর নির্ধারণকারী প্ল্যাটস আরব গালফের দর থেকে ৫ শতাংশ ডিসকাউন্টে এসব অকটেন সরবরাহ করার প্রস্তাব করেছে বলে জানিয়েছে বিপিসি। বিপিসি সূত্রে জানা যায়, ২৩ মার্চ প্রকাশিত প্ল্যাটস আরব গালফের দর অনুযায়ী, প্রতি ব্যারেল অকটেনের (গ্যাসোলিন ৯৫) দর ১৬৩ ডলার ৭১ সেন্ট। এতে এক লাখ টন (৮ লাখ ৬০ হাজার ব্যারেল) অকটেনের জন্য ১৩ কোটি ৩৭ লাখ ৫১ হাজার ৭০ ডলার বৈদেশিক মুদ্রার প্রয়োজন পড়বে, যা বাংলাদেশি টাকায় (সোনালী ব্যাংকের ১৬-২৩ মার্চ তারিখের দর অনুসারে প্রতি ডলার ১২২ টাকা ৮৫ পয়সা) ১ হাজার ৬৪৩ কোটি ১৩ লাখ ২০ হাজার টাকা ব্যয় হবে। সব ঠিক থাকলে এর প্রথম চালান এপ্রিল মাসেই আসার সম্ভাবনা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## ১০ দিনে দেশে আসবে ১ লাখ ৯২ হাজার টন এলএনজি

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে দেশের জ্বালানি সরবরাহ নির্বিঘ্ন রাখতে প্রায় ১ লাখ ৯২ হাজার টন এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) আমদানি করেছে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান পেট্রোবাংলা। দশদিনের মধ্যে অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া ও যুক্তরাষ্ট্র থেকে তিনটি জাহাজে এসব এলএনজি দেশে আসবে বলে জানিয়েছে প্রতিষ্ঠানটি। এরই মধ্যে অস্ট্রেলিয়া থেকে প্রায় ৬২ হাজার টন এলএনজি নিয়ে লাইবেরিয়ার পতাকাবাহী 'এইচএল পাফফিন' নামের ট্যাংকার জাহাজটি চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে বলে নিশ্চিত করেছে বন্দর কর্তৃপক্ষ। পেট্রোবাংলা জানিয়েছে, জাহাজটি থেকে বঙ্গোপসাগরের মহেশখালীতে অবস্থিত আরপিজিসিএলের এফএসআরইউতে (ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট) এলএনজি খালাসের প্রস্তুতি চলছে। চট্টগ্রাম বন্দর সূত্রে জানা গেছে, আগামী ২৭ মার্চ 'নিউ ব্রেভ' নামের আরেকটি এলএনজিবাহী জাহাজ চট্টগ্রামে পৌঁছানোর কথা রয়েছে। লাইবেরিয়ান পতাকাবাহী এ ট্যাংকারটি ইন্দোনেশিয়া থেকে প্রায় ৬১ হাজার ৫০০ টন এলএনজি নিয়ে আসছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## 'নতুন কুঁড়ি স্পোর্টস' চালুর ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী

নতুন কুঁড়ি আসরের মতো এবার খেলাধুলায় 'নতুন কুঁড়ি স্পোর্টস' চালুর ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ বিকেলে, ঢাকা জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রীতি ফুটবল ম্যাচ শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কথা বলতে গিয়ে এ ঘোষণা দেন তিনি। স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ঢাকা জাতীয় স্টেডিয়ামে আজ বিকেলে সাবেক ফুটবলারদের নিয়ে অনুষ্ঠিত হয় প্রীতি ফুটবল ম্যাচ। লাল ও সবুজ দলে ভাগ হয়ে যখন সাবেক ফুটবলাররা মাঠে নামার প্রস্তুতি নিচ্ছিলেন, তখন হঠাৎ করে, পূর্ব কোনো ঘোষণা ছাড়াই স্টেডিয়ামে

হাজির হন প্রধানমন্ত্রী তারেক রহমান। সঙ্গে ছিলেন তার কন্যা জাইমা রহমান, ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হকসহ সরকারের আরও কয়েকজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## বাগেরহাটে বাড়িতে ঢুকে শিক্ষার্থীকে গুলি করে হত্যা

বাগেরহাটের চিতলমারীতে বাড়ির ভিতরে ঢুকে আমির হামজা (২৩) নামের এক শিক্ষার্থীকে গুলি করে হত্যা করেছে সন্ত্রাসীরা। বৃহস্পতিবার (২৬ মার্চ) বিকেলে উপজেলার শিবপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আমির হামজা শিবপুর গ্রামের রুহুল আমিন মুন্সির ছেলে। তিনি খুলনা সরকারি সুন্দরবন কলেজের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। পাশাপাশি, পপুলার ডায়াগনস্টিক সেন্টারে চাকরি করতেন। স্বজনদের বরাত দিয়ে পুলিশ জানায়, বিকেল ৪টার দিকে বাড়ির উঠানে দাঁড়িয়ে বাবা ও চাচার সঙ্গে কথা বলছিলেন আমির হামজা। এসময় তিনটি মোটরসাইকেলে ছয়জন যুবক হেলমেট পরিহিত অবস্থায় বাড়িতে প্রবেশ করেন। তারা পুলিশ পরিচয়ে ধাওয়া দেন। তখন আমির হামজা দৌড়ে পালাবার চেষ্টা করেন এবং খালের পাড়ে পড়ে যান। এসময় তার মাথায় গুলি করে মৃত্যু নিশ্চিত করে সন্ত্রাসীরা পালিয়ে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## তেল নিয়ে কাউকে তেলেসমাতি করতে দেওয়া হবে না : জ্বালানি মন্ত্রী

প্রশাসনকে সজাগ থাকার আহ্বান জানিয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেছেন, তেল নিয়ে কাউকে তেলেসমাতি করতে দেওয়া হবে না। আগে পাম্পে যে তেল দু-দিন চলতো, এখন তা দুই ঘণ্টায় শেষ হয়ে যাচ্ছে। এই তেল যায় কোথায়? বৃহস্পতিবার (২৬ মার্চ) দুপুরে সিরাজগঞ্জ জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে জেলা প্রশাসন আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আক্ষেপ প্রকাশ করে বলেন, "আমাকে পেট্রোল পাম্প ও ডিপো পাহারা দেওয়া লাগে, যাতে চুরি না হয়। তারপরও চুরি হচ্ছে। কারণ মানুষের চরিত্র খারাপ হয়ে গেছে।"
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## দিল্লির আদালতে ফয়সাল ও আলমগীরকে ১১ দিনের রিমান্ডের নির্দেশ

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যার প্রধান দুই অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল এবং আলমগীর হোসেনকে ১১ দিনের রিমান্ডের নির্দেশ দিয়েছেন দিল্লির একটি আদালত। গত সোমবার (২৩ মার্চ) ওই দুই অভিযুক্তকে জিজ্ঞাসাবাদের জন্য দিল্লিতে নিয়ে যায় ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'(এনআইএ)। গত মঙ্গলবার (২৪ মার্চ) তাদের দিল্লিতে এনআইএ-এর বিশেষ আদালতে তোলা হয়। দুই পক্ষের বক্তব্য শুনে দিল্লির 'পাতিয়ালা হাউজ কোর্ট'-এর অতিরিক্ত সেশন জাজ প্রশান্ত শর্মা তাদের ১১ দিনের এনআইএ রিমান্ডের নির্দেশ দেয়। এই আদালতের সিনিয়র পাবলিক প্রসিকিউটর রাহুল ত্যাগী ওই দুই অভিযুক্তের বিরুদ্ধে যাবতীয় নথি দাখিল করে জানায়, অভিযুক্তরা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিল, ফলে ষড়যন্ত্রের বিষয়টি একেবারে উড়িয়ে দেওয়া যায় না। ফলে তাদেরকে জিজ্ঞাসাবাদ করে তাদের পরিকল্পনার বিষয়টি সামনে আনা উচিত।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## ৩১ হাজার টন ডিজেল নিয়ে চট্টগ্রাম বন্দরে 'গ্রান কুভা'

সিঙ্গাপুর থেকে ৩১ হাজার টন পরিশোধিত ডিজেল নিয়ে চট্টগ্রাম বন্দরে এসেছে ট্যাংকার জাহাজ 'গ্রান কুভা'। জাহাজটি বর্তমানে চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে অবস্থান করছে। বন্দরের প্রক্রিয়া শেষ করে বৃহস্পতিবার (২৬ মার্চ) রাতেই জাহাজটি বন্দরের ডলফিন জেটিতে বার্থিং করার কথা রয়েছে। এটিসহ চলতি মাসের ৩১ তারিখের মধ্যে আসার কথা রয়েছে ৮২ হাজার টন ডিজেল। নাম প্রকাশে অনিচ্ছুক বিপিসির এক কর্মকর্তা জাগো নিউজকে বলেন, "৩১ মার্চের মধ্যে ৮০-৮২ হাজার টন ডিজেল আসবে। এর মধ্যে সিঙ্গাপুর, মালয়েশিয়া থেকে তিনটি পার্সেলের পাশাপাশি, ভারতের এনআরএল থেকে পাইপলাইনে ৫-৭ হাজার টন ডিজেল আসবে।" বন্দর সূত্রে জানা যায়, হংকংকের পতাকাবাহী ট্যাংকার জাহাজ 'গ্রান কুভা' বৃহস্পতিবার চট্টগ্রাম বন্দরে এসেছে। জাহাজটিতে ৩১ হাজার ২০৩ টন ডিজেল রয়েছে। 'পিভিটি সোলানা' নামের আরেকটি জাহাজ ৩১ মার্চ চট্টগ্রাম বন্দরে আসবে। পানামার পতাকাবাহী জাহাজটি মালয়েশিয়া থেকে ৩০ হাজার টন পরিশোধিত ডিজেল নিয়ে আসবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

## তদন্ত কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে কারণ জানানোর নির্দেশ

রাজবাড়ির দৌলতদিয়া ফেরিঘাটে পন্টুন থেকে পদ্মা নদীতে যাত্রীবাহী বাস পড়ে যাওয়ার ঘটনায় ছয় সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে নৌপরিবহণ মন্ত্রণালয়। কমিটিকে আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৬ মার্চ) সন্ধ্যায় নৌপরিবহণ মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কাজী আরিফ বিল্লাহ জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন। মন্ত্রণালয়ের পরিবহণ প্রশাসন শাখা থেকে জারি করা আদেশে অতিরিক্ত সচিব মো. মুহিদুল ইসলামকে কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে রাজবাড়ি জেলা প্রশাসনের একজন প্রতিনিধি, নৌপুলিশের একজন প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের একজন করে প্রতিনিধি।

আদেশে বলা হয়েছে, বুধবার (২৫ মার্চ) দৌলতদিয়া ঘাটে পন্টুন থেকে বাস নদীতে পড়ে যাওয়ার ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান এবং এ দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের শনাক্ত করাই হবে কমিটির প্রধান কাজ। একইসঙ্গে কমিটিকে দ্রুত সময়ের মধ্যে তদন্ত শেষ করে তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রয়োজনে তদন্তের স্বার্থে কমিটি নতুন সদস্য কো-অপ্ট করার ক্ষমতাও রাখবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

**নকলমুক্ত এসএসসি পরীক্ষা নিশ্চিতে মাঠে থাকবে ২৪ সদস্যের ৮ টিম**

২০২৬ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে আটটি টিমে ২৪ সদস্যের কমিটি গঠনের নির্দেশ দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। একইসঙ্গে কমিটিকে সভা করে তার ৫ মিনিটের একটি ভিডিও সংরক্ষণ করার নির্দেশনাও দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৬ মার্চ) বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৬ সালের এসএসসি পরীক্ষা আগামী ২১ এপ্রিল থেকে শুরু হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ঢাকা বোর্ডের আওতাধীন বিভিন্ন পরীক্ষাকেন্দ্র প্রাক-পরিদর্শনের জন্য বোর্ডের কর্মকর্তাদের সমন্বয়ে পরিদর্শন টিম গঠন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৬.০৩.২০২৬ রিহাব)

# BBC

**KILLING OF IRANIAN NAVY CHIEF 'YET ANOTHER EXAMPLE' OF CO-OPERATION WITH US: ISRAELI PM**

Benjamin Netanyahu says the killing of Iranian naval commander Alireza Tangsiri is "yet another example of the co-operation" between Israel and the US, as their war with Iran rages on. In a video message in Hebrew, the Israeli prime minister says Israel continues to "forcefully strike" targets across Iran. He also echoes earlier comments from Israel's Defence Minister Israel Katz that Tangsiri played a leading role in Iran's effective closure of the Strait of Hormuz. "This man had a great deal of blood on his hands," Netanyahu says, adding: "This is yet another example of the co-operation between us and our friend, the United States, toward the common goal of achieving the objectives of the war."

(BBC News Web Page: 26/03/26, FARUK)

**GERMANY APPROVES MEASURES TO CURB RISING FUEL COSTS**

In Germany, lawmakers have approved initial measures aimed at curbing surging fuel costs as the Iran war pushes up prices. It means petrol stations, for a time, will only be able to increase prices once a day, at noon. The government says it will review the measures after six months. The bill, which still needs to pass the upper house, will also make it easier for Germany's competition regulator to combat excessive pricing. It's disputed whether the plans will really lead to lower prices at the pump, while there have also been industry warnings about rushing through major changes in competition law.

(BBC News Web Page: 26/03/26, FARUK)

**TRUMP'S CRITICIZED NATO ALLIES AGAIN OVER IRAN**

A short while ago, Donald Trump posted on social media to repeat his criticism of Nato allies, saying they have "done absolutely nothing to help with" the situation in Iran. He says the US "needs nothing from Nato", but added this "very important point in time" should never be forgotten. While Trump has said some countries are willing to help escort ships through the strait, he has yet to publicly identify them. On 15 March, Trump warned Nato of a "very bad future" if allies did not help open the strait in an interview with the Financial Times. Speaking at the White House last week, Trump said he had been informed by most Nato allies that they do not want to get involved in the war, a conflict some of them view as illegal.

(BBC News Web Page: 26/03/26, FARUK)

**TWO PEOPLE KILLED IN ABU DHABI WERE OF PAKISTANI AND INDIAN NATIONALITY: LOCAL OFFICIALS**

Two people had died in Abu Dhabi after debris fell from an intercepted ballistic missile. Local officials have now issued an update, saying the two people were of Pakistani and Indian nationality. The three people injured in the incident were of Emirati, Jordanian, and Indian nationality, the Abu Dhabi Media Office says in a statement.

(BBC News Web Page: 26/03/26, FARUK)

**ISRAEL SAYS IT HAS KILLED COMMANDER OF IRGC'S NAVY**

Israel says it has killed the commander of Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC)'s Navy, Alireza Tangsiri. Defence Minister Israel Katz says Tangsiri was "directly responsible for the terrorist act of bombing and blocking the Strait of Hormuz", and has been "blown up".

He adds that a number of other "senior Navy command officials" have also been killed. Iran has not yet commented. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**UK FORECAST TO FACE SECOND HIGHEST INFLAMMATION RATE IN G7 FROM IRAN WAR**

The UK is forecast to experience weaker growth and higher inflation due to the impact of the war in the Middle East, according to the Organization of Economic Co-operation and Development (OECD). It means this year the UK is expected to have the second-highest inflation rate among the G7 group of advanced economies - at 4%, the OECD says. The body has also downgraded forecasts for many of the world's biggest economies due to the US-Israel war with Iran. It adds that the reduction of oil shipments through the Strait of Hormuz is "raising costs, weighing on demand and adding to inflationary pressures".
(BBC News Web Page: 26/03/26, FARUK)

**INTERNET BLACKOUT CONTINUES IN IRAN**

A government-imposed digital blackout in Iran has entered its 27th day, according to internet monitoring group NetBlocks. NetBlock says in its daily update that Iran has been isolated from the global internet for 624 hours and that "rights monitors, independent media and the public are sidelined as access is granted only to those on a state-approved whitelist". Despite the internet blackout, which began on 28 February when the US and Israel began strikes, the BBC has been able to speak to some Iranians about the war. Earlier, a young Iranian man told the BBC of his fears of being made to do military service, and about how he recently lost a close friend in an air strike. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**ISRAELI MILITARY SAYS FURTHER MISSILES DETECTED COMING FROM IRAN**

The Israeli military says it has detected further missiles fired from Iran towards its territory - the sixth time in the past four hours it has reported incoming strikes. Earlier, Israel's emergency services said six people were transferred to hospital after a missile was launched towards the centre of the country. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**OIL EDGES HIGHER AS TRADERS WEIGH US-IRAN PEACE PROSPECTS**

Oil prices are edging higher in afternoon trade in Asia as investors reassess the potential for a ceasefire between the US and Iran. Brent crude rose by 2.2% to $104.43, while West Texas Intermediate was 2.1% higher at $92.24. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**UAE INTERCEPTING FRESH DRONE AND MISSILE ATTACKS FROM IRAN**

The United Arab Emirates said it was intercepting Iranian missile and drone attacks over its territory. It says air defense systems are being deployed to intercept ballistic missiles while fighter jets are in the sky to take down incoming drones. It is the third such warning the defence ministry has issued since Wednesday night.
(BBC News Web Page: 26/03/26, FARUK)

**NEW INDIA BILL TO AMEND TRANSGENDER RIGHTS SPARKS PROTESTS**

India's parliament has passed a controversial bill that seeks to change how transgender people are legally recognized and their right to self-identify, amid protests by opposition parties and the LGBTQ community. The government says the changes will make welfare benefits more accessible and strengthen an existing law against exploitation and trafficking, but critics warn it could exclude many transgender, non-binary and gender-fluid people. India is estimated to have around two million transgender people, though activists say the true number is higher and legal recognition remains uneven.
(BBC News Web Page: 26/03/26, FARUK)

**TRUMP CONFIRMS MAY MEETING WITH XI JINPING AS IRAN WAR FORCES POSTPONEMENT**

US President Donald Trump says he will meet Chinese president Xi Jinping in China on 14-15 May, after delaying the landmark trip amid the US-Israel war with Iran. This would be the first visit to China by a US president in nearly 10 years. Trump is also set to host Xi in Washington DC later this year, and officials are "finalizing preparations for these Historic Visits", he wrote on Truth Social on Wednesday. White House press secretary Karoline Leavitt confirmed the dates of Trump's visit, telling reporters that President Xi had understood and accepted the request to postpone the trip. Beijing had not confirmed the dates listed by Trump - though it does not typically reveal Xi's schedule so far in advance. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**ZIMBABWE SAYS 15 NATIONALS KILLED AFTER BEING LURED TO FIGHT FOR RUSSIA**

Zimbabwe says that 15 of its nationals have been killed after being recruited to fight for Russia in its ongoing war with Ukraine, with more than 60 still trapped on the frontlines. Information Minister Zhemu Soda said the Zimbabweans had been lured by shadowy agencies promising lucrative jobs abroad using "social media platforms as their primary hunting ground". "It is sophisticated scheme of deception, exploitation, and human trafficking that has already resulted in the loss of Zimbabwean lives," he said. The Zimbabwe government says it is in talks with the Russian authorities to ensure the bodies are repatriated and those still alive return home safely. It is the first time the country has acknowledged that dozens of its nationals are in military service to Russia.

(BBC News Web Page: 26/03/26, FARUK)

**ESTONIA AND LATVIA SAY TERRITORIES HIT BY STRAY UKRAINIAN DRONES**

Ukrainian drones entered Estonian and Latvian air spaces from Russia overnight, with one hitting infrastructure and another crashing on land, Talkinn and Riga have said. One struck the chimney of a power plant in Auvere, Estonia, while another exploded in the southern Kraslava region of Latvia. No major damage or injuries were reported. The incident occurred around the same time as Ukraine launched a massive drone attack on the Russian port of Ust-Luga on the Baltic Sea, some 25km away from the Estonian border. Estonian Prime Minister Kristen Michael said Ust-Luga was attacked in three waves between 03:00 and 08:00 local time. (BBC News Web Page: 26/03/26, FARUK)

**:: THE END ::**